নীতিগত ভাবে, ক্ষমতাসীন নেতা বা গোষ্ঠীকে ক্ষমতায় রাখিয়াই নির্বাচন অনুষ্ঠানের রীতিটিতে অগণতান্ত্রিকতা কিছু নাই (যদিও সর্ব স্তরেই তদারকি সরকারের অধীনে সব ধরনের নির্বাচন অনুষ্ঠানের দাবিটির অনুকূলে নিরপেক্ষতার যুক্তিটিও উড়াইয়া দেওয়া যায় না)। লোকসভা বা বিধানসভার ক্ষেত্রেও বিদায়ী শাসক গোষ্ঠীর অধীনেই নির্বাচন অনুষ্ঠিত হইয়া থাকে। কিন্তু দার্জিলিং পার্বত্য পরিষদের ক্ষেত্রে সমস্যাটি কিঞ্চিৎ ভিন্ন। এখানে শাসক জি এন এল এফ নিজেই যথাসময়ে নির্বাচন অনুষ্ঠান করিতে চায় নাই। রাজ্য সরকার তাহার উদ্যোগ করিলেই নানা অজুহাতে নির্বাচন বানচাল করিয়াছে। জনসমর্থন হারাইবার ফলেই পরাজয়ের আশঙ্কায় হয়তো দলের এই অবস্থান। কিন্তু ইহার ফলে দীর্ঘ এক বছর ধরিয়া ঘিসিং একটি অ-নির্বাচিত পরিষদের সর্বেসর্বা হইয়া থাকিয়াছেন। তৃতীয় দফায় রাজ্য সরকার নিযুক্ত প্রশাসকের অধীনে নির্বাচন পরিচালনা এবং নির্বাচন অবধি পরিষদের নৈমিত্তিক কাজকর্ম সম্পাদনের বিষয়টি অনিবার্য হইয়া উঠিলে ঘিসিং সেই প্রশাসনেও ছড়ি ঘুরাইবার আবদার ধরেন। অন্যথায় ৯১ দিন পাহাড় অচল করিবার হুমকিও থাকে। সরকার স্পষ্টতই সেই হুমকির কাছে নতি স্বীকার করিয়াছে। ঘিসিংয়ের অন্য একটি আবদার মানিয়া বিলে পরিষদের 'স্বশাসিত' তকমাটিও লোপ করা হইয়াছে। অস্যার্থ, গোর্খা পার্বত্য পরিষদ আর স্বশাসিত সংস্থা নয়। প্রশ্ন হইল, তবে কি পরিষদ অতঃপর রাজ্য সরকার শাসিত হইবে? যিনি এই সে দিন পর্যন্ত পৃথক রাজ্যের হুমকি দিতেছিলেন, নিদেনপক্ষে স্বায়ত্তশাসন না পাইলে হিংসা চালাইয়া যাওয়ার হুঁশিয়ারি, তিনি এখন পরিষদের নাম হইতেই 'স্বশাসন'-এর অভিধাটি তুলিয়া দিতে এত ব্যগ্র কেন? ইহার ফলে পরিষদের আর্থিক তহবিল ও রাজনৈতিক এক্তিয়ারের সীমা যে সঙ্কুচিত হইতে পারে, ঘিসিং কি তাহা ভাবিয়া দেখিয়াছেন?

বিল পেশ করিতে গিয়া বামফ্রন্ট সরকারের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী নিজেও জি এন এল এফের সহিত 'আপস' করার কথা কবুল করিয়াছেন। কিন্তু ঘিসিংয়ের শর্ত মানিলেই তিনি যথাযথ গণতান্ত্রিক আচরণ করিবেন, এমন নিশ্চয়তা নাই। পরিষদে ভোটের লগ্ন আসন্ন হইলে তিনি নূতন কোনও কৌশল করিবেন কি না তাহা সম্পূর্ণ অনিশ্চিত। নির্বাচন লইয়া সংশয়ে দীর্ণ ঘিসিংকে তোয়াজ করিয়া চলার একটাই যুক্তি— ক্ষীয়মাণ জনসমর্থন লইয়াও পাহাড়ে তাঁহার হিংসা সৃষ্টির ক্ষমতা বা সেই ক্ষমতা সম্পর্কে সরকারের শঙ্কা। ভোটের মুখে আবার তিনি হিংসার হুমকি দিলে সরকার আবার পিছু হটিবে না, এমন নিশ্চয়তাও নাই। যিনি ব্ল্যাকমেলের রাজনীতিতে হাত পাকাইয়াছেন, তিনি ভবিষ্যতেও পরীক্ষিত পথেই চলিবেন না, তার ঠিক কী? ইতিমধ্যে পাহাড়ে ঘিসিং-বিরোধী শক্তিগুলি (যাহার মধ্যে জি এন এল এফের সি কে প্রধান গোষ্ঠী, গোর্খা লিগ, কংগ্রেস ও সি পি আই এমও আছে) ঐক্যবদ্ধ হইয়া পাল্টা বন্‌ধ ও অচলাবস্থা সৃষ্টির পথ ধরার হুমকি দিতেছে। এই সব গোষ্ঠীর পিছনেও জনসমর্থন আছে। হয়তো এই পাল্টা চাপ ঘিসিংকেও রাজ্য সরকারের সহিত আপসে বাধ্য করিবে।

ANADABAZAR PATRIKA

16 MAY 2005

ক্ষমতা শুধু তদারকির

পাহাড়ে আপস শান্তির খাতিরে মানল সরকার

স্টাফ রিপোর্টার: দার্জিলিং পার্বত্য পরিষদে প্রশাসক বা প্রশাসক বোর্ড গঠন সংক্রান্ত আইন সংশোধনী বিলটি বিধানসভায় অনুমোদিত হয়েছে। ২৬ মার্চ থেকে ছ'মাসের জন্য 'তদারকি'র ক্ষমতার অধিকারী এই প্রশাসক বসানোর পথ পরিষ্কার করার সঙ্গে সঙ্গে রাজ্য সরকারের পক্ষে বিধানসভায় জানানো হয়েছে, পাহাড়ে নির্বাচন করা হবে সেপ্টেম্বরের মধ্যেই। কোনও অন্যথা হবে না। সুবাস ঘিসিংয়ের চাপের মুখে তারা যে পাহাড়ে শান্তি বজায় রাখার স্বার্থেই এই 'সমঝোতা' করেছে, বামফ্রন্ট সরকারের তরফে তা স্বীকার করে নেওয়া হয়েছে।

তবে বিধানসভায় যাঁর এই ঘোষণা করার কথা ছিল, সেই পার্বত্য বিষয়ক মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য সভাকে এড়িয়ে গিয়েছেন। স্পিকারকে চিঠি লিখে পুর-নগরোন্নয়ন মন্ত্রী অশোক ভট্টাচার্যকে ওই বিল পেশ করার দায়িত্ব দেন তিনি। ১৯ মার্চ দার্জিলিং নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর বৈঠকের আগে বিধানসভায় এই বিষয়ে কোনও বক্তব্য নথিভুক্ত করাতে চাননি মুখ্যমন্ত্রী। তদারকি প্রশাসক বা প্রশাসক বোর্ডের 'তদারকি চেয়ারম্যান' হিসাবে বর্তমান চেয়ারম্যান সুবাস ঘিসিংয়ের নাম যদি চূড়ান্ত হয়, তা হলে সেটা হবে প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর বৈঠকেই।

গত বৃহস্পতিবার সংশোধনী বিলটি বিধায়কদের মধ্যে বিলি করার পরে শেষ মুহূর্তে সরকার আরও একটি সংশোধনের সিদ্ধান্ত নেয়। এ দিন বিধানসভায় বামফ্রন্টের মুখ্য সচেতক রবীন দেব সেই 'সরকারি' সংশোধন প্রস্তাব পেশ করেন। প্রস্তাবিত বিলে পার্বত্য পরিষদের নির্বাচিত বোর্ড ভেঙে ক্ষমতা প্রশাসক বা প্রশাসক বোর্ডের হাতে ক্ষমতা দেওয়ার কথা বলা হয়েছিল। কিন্তু রবীনবাবুর আনা সংশোধনীতে সাধারণ পরিষদের 'তদারকি ক্ষমতা' প্রশাসক বোর্ডের হাতে দেওয়ার প্রস্তাব দেওয়া হয়। প্রস্তাবটি সরকার মেনে নিয়েছে।

'কেয়ারটেকার' কথাটি বিলের অন্তর্ভুক্ত করার মূল দাবি ঘিসিংয়েরই। সরকার এই সুযোগ কাজে লাগিয়েছে। এর ফলে ছ'মাসের জন্য ঘিসিং তদারকি প্রশাসকের দায়িত্ব পেলেও কোনও নীতি নির্ধারণ করতে পারবেন না। গুরুত্বপূর্ণ আর্থিক ক্ষমতাও তাঁর হাতে থাকবে না। অর্থাৎ কোনও নতুন প্রকল্প বা নতুন পরিকল্পনা হাতে নিতে পারবেন না তিনি। চেক সইয়ের ক্ষমতা তাঁর হাতে না-ও থাকতে পারে। অর্থাৎ ঘিসিং তদারকি প্রশাসক নিযুক্ত হলেও তাঁর হাতে কোনও ক্ষমতা থাকবে না। সরকারের মূল লক্ষ্য, ঘিসিংকে সামনে রেখে তাঁরই 'তদারকি'তে পাহাড়ে ভোট শেষ করা। আর পুরমন্ত্রী অশোকবাবুর বক্তব্য, প্রশাসক বা প্রশাসক বোর্ড সরকারি নীতি রূপায়ণে বাধা দেলে তাঁকে বা তাঁদের সরিয়ে অন্য প্রশাসক বসানোর সংস্থান থাকছে সংশোধনী বিলেই।

সোমবারের উল্লেখযোগ্য ঘটনা হল, সংশোধনী বিলে ঘিসিংয়ের দল জি এন এল এফের তিন বিধায়কের পূর্ণ সমর্থন মিলেছে। বিল অনুমোদিত না-হলে পাহাড়ের প্রশাসনে আইনি সঙ্কট তৈরি হত। তাই কংগ্রেসও বিল অনুমোদনের জন্য সমর্থন করেছে সরকারকে। তবে প্রধান বিরোধী দল তৃণমূল কংগ্রেস এই বিলের বিরোধিতা করেনি, সমর্থনও করেনি। তারা বিলটি নিয়ে আরও আলোচনার দাবি জানিয়েছে। বিরোধী দলনেতা পঙ্কজ বন্দ্যোপাধ্যায়, সৌগত রায়েরা বিলটি পেশ করার ক্ষেত্রে অশোক ভট্টাচার্যের অধিকার নিয়েই প্রশ্ন তোলেন। মুখ্যমন্ত্রীকে সভায় আসতে হবে বলে দাবি জানান তাঁরা। স্পিকার জানান, মুখ্যমন্ত্রী লিখিত ভাবেই অশোকবাবুকে দায়িত্ব দিয়েছেন। বিলটি ধ্বনি-ভোটে পাশ হয়ে যায়।

এ দিন তৃণমূল ও কংগ্রেসের বক্তাদের বক্তব্য ছিল, ঘিসিং রাজ্য সরকারকে 'ব্ল্যাকমেল' করছেন। সরকার তাঁর অন্যায় চাপের কাছে নতি স্বীকার করছে, সমঝোতা করছে। অশোকবাবু স্বীকার করেন, সরকার কিছু ক্ষেত্রে সমঝোতা করতে বাধ্য হয়েছে। বিধানসভার লবিতে তিনি বলেন, "মানছি, কিছু ক্ষেত্রে সরকারকে ব্ল্যাকমেল করা হয়েছে।" ভিতরে-বাইরে অশোকবাবুর যুক্তি, সরকার এটা মেনে নিয়েছে পাহাড়ে শান্তির জন্যই। তবে সরকারি স্তরে এই সমঝোতা হলেও রাজনৈতিক স্তরে যে তাঁরা ঘিসিংয়ের 'অন্যায়, স্বৈরাচারী মনোভাবের সঙ্গে কোনও সমঝোতা' করবেন না, দার্জিলিং জেলা সি পি এমের শীর্ষ নেতা অশোকবাবু তা জানিয়ে দিয়েছেন।

চাক্কা জ্যাম পাহাড়ে: রাজ্য সরকার ঘিসিংয়ের চাপের মুখে নতিস্বীকারের ইঙ্গিত দিলেও পাহাড়ের জি এন এল এফের সঙ্গে সরাসরি সংঘাতে নেমে পড়ল বামফ্রন্ট এবং তাদের সহযোগী পিপলস ডেমোক্র্যাটিক ফ্রন্ট (পি ডি এফ)। সোমবার বেলা ১১টায় দার্জিলিঙের চকবাজারে 'চাক্কা জ্যাম' করে পাহাড়ের যান চলাচল বিপর্যস্ত করে দেন বামফ্রন্ট এবং পি ডি এফের নেতা-কর্মী-সমর্থকেরা। উচ্চ মাধ্যমিকের জন্য মাইক বাজানোয় নিষেধাজ্ঞা রয়েছে। তাই মাইক ছাড়াই প্রায় এক ঘণ্টা সভা করে জি এন এল এফ-বিরোধী জোট।

ANADABAZAR PATRIKA 15 MAR 2005

পাহাড়ে জেলা ফ্রন্টেরই জেহাদের মুখে সরকার

স্টাফ রিপোর্টার, শিলিগুড়ি: পাহাড় নিয়ে রাজ্য সরকারের বিরুদ্ধে কার্যত জেহাদ ঘোষণা করল দার্জিলিং জেলা বামফ্রন্ট এবং ঘিসিং-বিরোধী জোট পিপলস ডেমোক্র্যাটিক ফ্রন্ট (পি ডি এফ)।

পার্বত্য পরিষদের মেয়াদ ফুরোনোর পরে তা চালানোর দায়িত্ব শুধু ঘিসিংকে দিলে পাহাড়ে অনির্দিষ্ট কালের বন্‌ধের হুমকি দিয়েছে জেলা বামফ্রন্ট এবং তাদের পাহাড়ের সহযোগী তথা জি এন এল এফ-বিরোধী জোট পি ডি এফ। রবিবার শিলিগুড়িতে সি পি এম, সি পি আই, গোর্খা লিগ, জি এন এল এফ (সি), সি পি আর এম নেতৃত্ব মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে জানিয়েছেন, প্রশাসক বোর্ড শুধু আমলাদের নিয়ে গড়লে তাঁদের আপত্তি নেই। কিন্তু ঘিসিংকে বোর্ডে রাখলে অন্য দলের প্রতিনিধিও নিতে হবে। নইলে রাস্তায় নেমে আন্দোলন করবেন তাঁরা। পাহাড়ে লাগাতার বন্‌ধ ডাকা হবে। বামফ্রন্ট এবং পি ডি এফের বক্তব্য, ইতিমধ্যে দু'দফায় ছ'মাস করে মেয়াদ বাড়িয়ে ঘিসিংকে চেয়ারম্যান রাখা হয়েছে। ফের কেয়ারটেকার করা হলে তা হবে পিছনের দরজা দিয়ে তৃতীয় দফার মেয়াদ বৃদ্ধির সামিল।

জনতার মাঝে, ফাঁসিদেওয়ায়।—বিশ্বরূপ বসাক

ঘিসিংয়ের প্রস্তাবিত বন্‌ধের বিরোধিতা করার পরে তাঁরা কেন বন্‌ধের হুমকি দিচ্ছেন? জেলা সি পি এম সম্পাদকমণ্ডলীর সদস্য জীবেশ সরকার ও গোর্খা লিগের শীর্ষ নেতা মদন তামাং বলেছেন, "গত দু'মাস ধরে পাহাড়ের ঘটনাক্রম থেকে দেখা যাচ্ছে, এই সরকার হুমকির ভাষা ছাড়া অন্য কিছু বোঝে না। এটা অত্যন্ত দুঃখজনক হলেও সত্যি। তাই আমরাও হুমকি দিতে বাধ্য হয়েছি। পাহাড়ের মানুষ যে আমাদের সঙ্গে আছেন, সেটা আমরাও বুঝিয়ে দিতে চাই। জানি, বন্‌ধ হলে জনসাধারণের অসুবিধা হবে। সে-জন্য আমরা দুঃখিত।"

দলের মধ্যে ও বাইরের চাপের মুখে পড়ে বৈঠকের পরে কিছুটা বিব্রত দেখাচ্ছিল মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে। তিনি বলেন, "সোমবার রাজ্য সরকারের তরফে পুরমন্ত্রী অশোক ভট্টাচার্য বিধানসভায় সংশোধনী বিল পেশ করবেন। সেখানে মেয়াদ শেষ হলে পার্বত্য পরিষদ চালানোর জন্য অন্তর্বর্তী ব্যবস্থা করা হবে। তবে ঠিক কী ব্যবস্থা হবে, তা স্থির হবে ২০ তারিখে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনার পরে। এটুকু বলতে পারি, যা-ই ঘটুক, ছ'মাসের মধ্যে পাহাড়ে ভোট হবেই।"

মুখ্যমন্ত্রীর কথায় পুরোপুরি আশ্বস্ত হতে না-পেরে জেলা বামফ্রন্ট এবং পি ডি এফ আজ, সোমবার বেলা ১১টা থেকে পাহাড়ে দু'ঘণ্টা চাক্কা বন্‌ধের ডাক দিয়েছে। চকবাজারে জনসভাও হবে। পরীক্ষার জন্য নিষেধাজ্ঞা থাকায় মাইক ছাড়াই সভা হবে বলে জানান উদ্যোক্তারা।

সকালে শিলিগুড়ি সার্কিট হাউসে মুখ্যমন্ত্রী দার্জিলিঙের পুলিশ-প্রশাসনের শীর্ষ কর্তাদের সঙ্গে বৈঠক করেন। সাড়ে ১০টা নাগাদ জেলা ফ্রন্টের নেতাদের সঙ্গে পাহাড়ের পরিস্থিতি নিয়ে প্রায় আধ ঘণ্টা ধরে আলোচনা হয়। ১১টা নাগাদ পি ডি এফের প্রতিনিধিরা তাঁর সঙ্গে দেখা করে জানান, ঘিসিং ও তাঁর দল জি এন এল এফ সম্পর্কে পাহাড়বাসীর সাম্প্রতিক মনোভাব অনেকটাই বদলেছে। আলাদা ভাবে জেলা ফ্রন্ট এবং পি ডি এফ নেতৃত্বের সঙ্গে কথা বলে মুখ্যমন্ত্রী দু'পক্ষকে নিয়ে বৈঠকে বসেন।

দলের খবর, মুখ্যমন্ত্রীর সামনেই প্রাক্তন সি পি এম বিধায়ক শাওন'রাই, জেলা সি পি এম সম্পাদক সাঙ্গপাল লেপচা, সি পি আইয়ের জেলা সম্পাদক উজ্জ্বল চৌধুরী, জি এন এল এফের (সি কে গোষ্ঠী) ডি কে প্রধান, মদন তামাংয়েরা জানিয়ে দেন, প্রশাসক বোর্ডে ঘিসিংকে রাখলে সব দলের প্রতিনিধি নিতে হবে। পাহাড়ের মানুষ যে ঘিসিংয়ের বিরুদ্ধে জোট বাঁধছেন, সেই ব্যাপারে গত শুক্রবার গোর্খা দুখ নিবারণী সঙ্ঘের বন্‌ধ-বিরোধী সভার কথা বলা হয়। মুখ্যমন্ত্রী জানান, প্রশাসক বোর্ডের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার আগে সমস্ত দিক ভাল ভাবে খতিয়ে দেখা হবে।

ANADABAZAR PATRIKA 14 MAR 2005

GHISINGH CLAIMS 'POSITIVE SIGNALS' FROM GOVT

Buddha sets tea tourism ball rolling

AVIJIT SINHA & ANIRBAN CHOWDHURY

Jalpaiguri/Alipurduar, March 12: Chief minister Buddhadeb Bhattacharjee today said the state government is all set to develop tea tourism, which would add to the income of tea planters and also generate employment for local youths.

"We have found that there are several tourists, both domestic and international, who are interested in visiting the tea gardens. The idea of developing tea tourism has been a hit in Indonesia from where we adopted the policy as there are similar resources in this part of Bengal," Bhattacharjee said while unveiling the tea tourism policy at the Central Dooars Club this evening.

"We have received Rs 7.9 crore from the Union tourism ministry for this purpose," he said. "We have thought of developing infrastructure, such as roads, drinking water and electricity, in certain tea estates of north Bengal that are situated in exotic locales," Bhattacharjee said.

The chief minister urged tea planters to come forward to develop the tourism sector in north Bengal. "We want to develop parts of north Bengal apart from Darjeeling hills as tourist destinations. Adoption of the tea tourism policy is part of the plan," he said at the programme organised by the Dooars branch of the Indian Tea Association in Binnaguri, 68 km from Jalpaiguri.

In Alipurduar, Bhattacharjee today unveiled a string of projects for five north Bengal districts.

"There are few places in our state that are more backward than north Bengal. We are giving importance to setting up industries based on agriculture and horticulture in north Bengal. We have formed the North Bengal Development Council to undertake various projects," he said.

The government, the chief minister said, will set up an airport in Cooch Behar. "We have already received Rs 20 crore from the Centre for the project. In Barobisha on the Assam-Bengal border, we are going to set up an industrial park at a cost Rs 1.5 crore."

Bhattacharjee declared for the first time that there could be a discussion on whether or not Rajbangshi is a separate language.



Bhattacharjee launching the tea tourism policy. Picture by Biplab Basak

GNLF calls off three-day bandh

OUR BUREAU

Darjeeling/Siliguri, March 12: The Gorkha National Liberation Front today withdrew its proposed three-day strike beginning on March 16, saying the state government had sent "positive signals" that it would make party chief Subash Ghisingh the Darjeeling Gorkha Hill Council caretaker after the panel's term ends on March 25.

The decision to call off the 72-hour bandh — the first phase of an agitation that the GNLF had threatened to extend to 91 days in the next four months — was taken during the party's central committee meeting in Darjeeling today.

"We have decided to withdraw the 72-hour bandh from March 16 to honour chief minister Buddhadeb Bhattacharjee's request to me over phone. However, the rest of the scheduled strikes are still on," Ghisingh said.

"Our demand is for an alternative to the present council and this could be anything the state and the Centre can offer us," Ghisingh said, welcoming the scheduled meeting between the chief minister and Prime Minister Manmohan Singh on March 19. However, the GNLF chief said he would not meet Bhattacharjee, currently touring north Bengal.

The GNLF leader said other "strikes could even be more prolonged" if the party's demand is not met.

Ghisingh today said the government had made a provision to safeguard "the caretaker power of the general council", though the DGHC amendment bill to be tabled in the Assembly on Monday speaks of appointing an administrator or a board of administrators.

The GNLF even pasted posters in Darjeeling saying the government has decided to make Ghisingh a "caretaker" of the council.

But parties opposed to the GNLF said Ghisingh's ambiguous stand on the amendment is a ploy to enable it to withdraw the three-day strike in the face of stiff resistance from the people of the hills.

"The amendment is clear and there is no mention of Ghisingh being made caretaker. Ghisingh's claim is only a face-saver," said Sawan Rai, convenor of the five-party People's Democratic Front that has a seat-sharing arrangement with the CPM.

At Siliguri, urban development and municipal affairs minister Asok Bhattacharya also said at a news conference that the real reason behind Ghisingh's withdrawal of the 72-hour bandh was pressure from people of the region.

The minister referred to yesterday's meeting in Darjeeling where people voiced their protest against the proposed bandh. "It was this common man's pressure that made Ghisingh realise that people are unhappy with him."

"Ghisingh's idea of politics is only blackmailing the state government. He has been in power so far using blackmailing tactics and wants to continue doing the same," alleged Bhattacharya.

THE TELEGRAPH 13 MAR 2005

Buddha bows, leaves Hill reins in Ghisingh hands

Aloke Banerjee
Kolkata, March 11

BULLIED BY Subash Ghisingh with threats of violence in the Hills, the Bengal government today decided to appoint him caretaker of the Darjeeling Gorkha Hill Council, so that he continues to be the sole wielder of power in the region.

So even before moving the DGHC (Amendment) Bill 2005 in the Assembly, the government will have to amend it afresh, replacing the words "administrator" and "board of administrators", by the word "caretaker".

Subash Ghisingh

The dispute between the government and Ghisingh stems from the GNLF chief's reluctance to allow polls to be held in the Hills even after the expiry of the current council's term this month. The government had said that if polls can't be held, it would appoint a board under an administrator to run the council. Ghisingh had demanded he be made sole caretaker of the council instead.

The GNLF chief spoke to the chief minister over the phone on Wednesday, Thursday and again on Friday morning, telling Buddhadeb Bhattacharjee he would cripple the hills through serial bandhs if his demand wasn't accepted, government sources said. The CPI(M) state secretariat, which met in the morning, decided to give in.

The GNLF chief returned the gesture, saying he might withdraw the three-day bandh called from March 16.

Bhattacharjee met leaders of the Left Front, Congress, Trinamool and GNLF in his chamber at the Assembly this afternoon to explain that he accepted Ghisingh's demand because "the situation in Nepal is becoming increasingly dangerous".

"At this stage I don't want trouble and violence in the hills," the chief minister said. "The elections will take place under Ghisingh."

THE HINDUSTAN TIMES

12 MAR 2005

ঘিসিংয়ের ডাকা বন্‌ধের বিরুদ্ধে এ বার সরব পাহাড়বাসীই

স্টাফ রিপোর্টার, শিলিগুড়ি ও কলকাতা: টানা ৯১ দিন বন্‌ধের হুমকির মুখে রাজ্য সরকার যখন হাঁটছে সুবাস ঘিসিংকে তুষ্ট করার রাস্তায়, তখন ঘিসিংয়ের ডাকা বন্‌ধের বিরুদ্ধে সোচ্চার হলেন পাহাড়ের আমজনতাই।

ঘিসিংয়ের পায়ের তলার মাটি যে আটের দশকের তুলনায় অনেকটাই আলগা হয়েছে, তা বুঝিয়ে দিলেন পাহাড়ের সাধারণ মানুষ। ঘিসিং ও তাঁর অনুগামীদের ডাকা যে কোনও বন্‌ধ যাঁরা এত দিন নির্বিবাদে মেনে নিয়েছেন, সেই পাহাড়বাসীই শুক্রবার প্রকাশ্যে জি এন এল এফের বন্‌ধের বিরুদ্ধে সরব হলেন।

এর মধ্যেই একে অপরের পোস্টার ছেঁড়ার অভিযোগ নিয়ে পাহাড়ে জিএনএলএফ-পিডিএফ সমর্থকদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। শুক্রবার দুপুরে দার্জিলিং চকবাজারে ঘটনাটি ঘটে। দু-দলই পুলিশে অভিযোগ করে। ঘণ্টাখানেক চকবাজার এলাকায় অঘোষিত বনধ পালিত হয়। দুই দলের সমর্থকেরা রাস্তায় নামেন। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ দিন দার্জিলিং শহরের 'গোর্খা দুখ নিবারণী সঙ্ঘ'-এর হলঘরে শহরের বিভিন্ন মহলের বাসিন্দা ও ব্যবসায়ীরা স্বতস্ফূর্তভাবে জমায়েত হয়ে ঘিসিংয়ের টানা ৯১ দিন বন্‌ধের হুমকির বিরুদ্ধে কার্যত জেহাদ ঘোষণা করেন। বন্‌ধ বিরোধী ওই সভায় স্বেচ্ছায় হাজির হয়ে পাহাড়ের নামী শিক্ষা প্রতিষ্ঠানের কর্তা থেকে শুরু করে সাধারণ ট্যাক্সিচালকরাও বন্‌ধ প্রত্যাহারের দাবি জানিয়ে দেন। ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি-সহ বেশ কয়েকজন ছোটখাট দোকান মালিকও হাজির হন। পার্বত্য পরিষদ গঠন হওয়ার পরে এই প্রথম জি এন এল এফের বন্‌ধের বিরুদ্ধে মুখ খুললেন বাসিন্দা ও ব্যবসায়ীরা। সে দিক দিয়ে দেখতে গেলে অরাজনৈতিক ওই সভাকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলেই মনে করছে পাহাড়ের রাজনৈতিক মহল।

একে পর্যটন মরসুম, তার উপরে চা পাতা তোলার কাজ সবে শুরু হয়েছে। সে সঙ্গে বিভিন্ন স্কুল-কলেজে বার্ষিক পরীক্ষা চলছে। উচ্চ মাধ্যমিক-সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পরীক্ষাও সামনে। এই পরিস্থিতিতে বন্‌ধ ডেকে যে পাহাড়বাসীকে বিপাকে ফেলা হবে, তা নিয়ে পাহাড় জুড়ে ক'দিন ধরেই আলোচনা চলছিল। জিএনএলএফ নিয়ে আতঙ্কের ফলে ব্যাপারটা ফিসফাস স্তরেই ছিল। শুক্রবার সকালে চুপিসাড়ে বন্‌ধ বিরোধী সভার জন্য বিভিন্ন মহলে বার্তা পৌঁছে দেয় একদল অরাজনৈতিক যুবক-যুবতী।

সভাকক্ষে উপচে পড়ে ভিড়। আসেন সেন্ট জোশেফ কলেজের অধ্যক্ষা নোরিন ডান, নর্থ পয়েন্ট স্কুলের প্রিন্সিপাল ফাদার কিনলে, চেম্বার অব কমার্সের কার্যনির্বাহী কমিটির সদস্য বিমল অগ্রবাল, দার্জিলিং ট্রাভেল এজেন্টস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রদীপ তামাং, লোরেটো স্কুলের প্রিন্সিপাল-সহ বিভিন্ন স্তরের মানুষ। ক্ষোভে ফেটে পড়েন ছোট দোকানদার, গাইডরা। ট্যাক্সিচালক শিবা রাই ক্ষোভের সঙ্গে বলেন, "গোর্খাল্যাণ্ড আন্দোলনের সময়ে সি আর পি আমার উপর অত্যাচার করেছে। তিন মাস বিছানায় ছিলাম। পরিষদ গঠিত হয়েছে। নেতারা লাল বাতি চড়ে ঘোরেন। আমাকে খেটে খেতে হয়। 'সিজন টাইমে' বন্‌ধ হলে খাব কী! এটা নেতারা বোঝেন না? বন্‌ধ তুলতেই হবে!" হোটেল মালিকদের ক্ষোভ, "আমরাও পাহাড়ের মানুষ। টানা তিন মাস বন্‌ধ হলে চলবে কী করে?" সময় গড়াতে ভিড় বেড়েছে বন্‌ধ বিরোধীদের। ফিসফাস দিয়ে শুরু সভায় সন্ধ্যায় সরব প্রতিবাদের আকার নেয়। সভা শেষের পরে সকলেই সমস্বরে জানান, সাধারণ মানুষের কথা ভেবে বন্‌ধ প্রত্যাহার না-হলে আরও বড় সভা করে ফের বন্‌ধের বিরোধিতা হবে। এ ব্যাপারে জি এন এল এফের কোনও নেতা মন্তব্য করতে চাননি। দার্জিলিং শাখার এক মুখপাত্র বলেন, "শনিবার কেন্দ্রীয় কমিটির সভার পর চূড়ান্ত সিদ্ধান্ত ঘোষণা করা হবে।"

রাজ্য সরকার যে পাহাড়ে অশান্তি এড়াতে চাইছে, এ দিন তার ইঙ্গিত মিলেছে বিধানসভায় তৃণমূল, কংগ্রেস প্রতিনিধি এবং জিএনএলএফ বিধায়ক শান্তা ছেত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রীর বৈঠকে। বৈঠকের আগে দার্জিলিঙের পরিস্থিতি নিয়ে ঘিসিং-মুখ্যমন্ত্রী ফোনে আলোচনা হয় বলে সরকারি সূত্রের খবর। রবিবার ঘিসিংয়ের সঙ্গে তাঁর বৈঠকের কথা। বৈঠকের পর শান্তার দাবি, "মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন, আমাদের দাবি মেনে নেওয়া হবে।" তাঁদের দাবি, মেয়াদ শেষের পর পরিষদের নির্বাচন পর্যন্ত সুবাস ঘিসিংকেই 'তদারকি প্রশাসক' রাখতে হবে।

ANADABAZAR 12 MAR 2005

'AUTONOMOUS' DELETION PROPOSED IN DGAHC BILL

Buddha mum on meeting Ghisingh

Statesman News Service

KOLKATA, March 11. — Chief minister Mr Buddhadeb Bhattacharjee, on the eve of his two-day visit to Sil[illegible]ay, preferred staying vague on whether he would sit with Mr Subhas Ghisingh for another round of talks to resolve the hill council election deadlock. "I will neither confirm nor deny the possibility of such a meeting with [illegible]," [illegible] said at Write[illegible] today.

A[illegible] Bhattacharjee's scheduled programmes are his meeting with the leadership of the anti-GNLF five party consortium comprising the CPI-M, CPI, CPRM, Gorkha League and GNLF (C), inauguration of tea tourism project and attending the Teesta-Ganga festival at Jalpaiguri.

The Siliguri MLA, Mr Asok Bhattacharya, however, ruled out any chances of the chief minister meeting the GNLF chief during his visit. Mentioning some of the programmes which Mr Bhattacharjee has at Siliguri, the minister said: "No such meeting is scheduled."

Mr Bhattacharjee has already confirmed his meeting on the hill issue with Prime Minister Dr Manmohan Singh on 19 March.

He has spoken to Mr Ghisingh over the phone a couple of occasions during the past few days. Meanwhile, the government is ready with its Darjeeling Gorkha Autonomous Hill Council (Amendment) Bill, 2005, which is scheduled to be placed before the Assembly on 14 March. The Bill proposes dropping the term 'Autonomous' as demanded by Mr Ghisingh. It also makes provision for the office of an Administrator or Board of Administrators to take charge of the council following the expiry of its term. The move would become essential if elections are not held before 25 March this year — the deadline for the council's term.

"...if it is not possible at any time, within the extended period of one year..., to hold the first meeting which is required to be held after each general election for constitution of a new General Council, the Government may, by order, appoint any person to be designated as the Administrator, or constitute a Board of Administrators consisting of several persons, one of whom to be appointed as Chairperson of such Board, to exercise the powers, and perform the functions, of the General Council for a period not exceeding six months at a time or until the date on which the first meeting of the newly elected General Council is held, whichever is earlier," the Bill states.

THE STATESMAN 12 MAR 2005

Stop Ghisingh!

It is time to be tough

The Left Front government must blame itself for the mess over elections to the Darjeeling Gorkha Hill Council. It is in no longer in a position to adopt a tough stand against the man it permitted to become a law unto himself — much like Lalu Prasad in Bihar. Just as Congress finds Lalu's antics hard to stomach, Marxists are at their wits' end over Subash Ghisingh. Talks have failed; gestures have not worked; and Alimuddin Street can only react with shock and dismay over the GNLF announcement that it is planning a 91-day strike over four months to ensure that Ghisingh has his way. What the hill leader proposes — his appointment as caretaker chairman of the Hill Council after its term expires on 26 March — is wholly illegal and unethical. It guarantees there will be no elections until Ghisingh approves it. That is why he cites one excuse after another, bordering on the ridiculous. The Left has seen through his games and is in favour of a neutral authority after 26 March till elections are held. It wants Ghisingh to shed his excesses but has no idea how to deal with monumental gimmicks. Alimuddin Street's answer is silence even after Ghisingh virtually appoints himself caretaker chairman with a council of his choice.

What is the Left to do now? The idea of a Bill in the assembly appointing a neutral authority in place of the Hill Council raises fears that Ghisingh will return to ruthless resistance. The difference is that in the eighties, the hill people considered him a prophet wanting to fight neglect and lack of development. Sixteen years after the tripartite hill accord, it is a different story; which is one reason why Ghisingh is not enthusiastic about the electorate. Yet with the end of the Council's term on 26 March, the state is obliged to hold elections. It cannot be a party to keeping Ghisingh in the chairman's seat by default. Nor can it be seen to stand by and watch while he proceeds to spread panic in the hills. Further appeasement will be disastrous. There is no alternative to the sternest possible measures — now!

THE STATESMAN 19 MAR 2005

Unrest threat over hill panel

A STAFF REPORTER

Calcutta, March 10: The Gorkha National Liberation Front today threatened the Buddhadeb Bhattacharjee government with "dire consequences" if it sticks to its decision of appointing an administrator and does not make Subash Ghisingh the Darjeeling Gorkha Hill Council caretaker.

Legislators Shanta Chhetri and Goulan Lepcha of the GNLF met Bhattacharjee in his Assembly chamber and urged him not to amend the DGHC Act to avoid tension in the hills. They submitted a letter to the chief minister saying the party wanted Ghisingh to be made caretaker of the council.

"The government will have to revoke its proposal to appoint an administrator. Our demand has the full support of the hill people," said Chhetri.

"We have sent a copy of the proposed DGHC amendment bill to Ghisingh and the GNLF will finalise its course of action after its executive committee meeting on March 12. But we feel the hills will go up in flames if the government sticks to its decision to appoint an administrator,' the MLA said.

Ghisingh: Standing firm

Bhattacharjee rang up Ghisingh again today after the GNLF leader announced a plan to organise bandhs in Darjeeling. State officials were tight-lipped about talks between the chief minister and the Gorkha leader, but sources said Bhattacharjee sought his consent for the move to appoint an administrator to the council after its tenure expires on March 25.

"The chief minister tried to convince us about the need to amend the act and appoint an administrator, but we have made it clear to him that Ghisingh should be made caretaker of the council till a new body is formed through election," Chhetri said.

THE TELEGRAPH 11 M

পাহাড়ে অনন্ত কুনাট্য

রাজতন্ত্রে রাজা বিভিন্ন প্রদেশের শাসনভার মনসবদার বা সামন্তদের উপর ছাড়িয়া রাখিতেন, ওই সব প্রদেশের অভ্যন্তরে সুশাসন চলিতেছে না অপশাসন, তাহা লইয়া মাথা ঘামাইতেন না, যত ক্ষণ মনসবদার নির্দিষ্ট পরিমাণ খাজনা রাজকোষে নিয়মিত জমা দিতেন এবং রাজার প্রতি নিঃশর্ত আনুগত্য ব্যক্ত করিতেন। গণতন্ত্রে এই বন্দোবস্ত অচল, এখানে শাসকদের শাসিতের প্রতি দায়বদ্ধতা থাকে, শাসিতের নির্বাচিত জনপ্রতিনিধি হিসাবে যে দায় পালনে তাঁহারা বাধ্য থাকেন। সুবাস ঘিসিং যদিও একদা পার্বত্য দার্জিলিঙের ভোটারদের দ্বারা নির্বাচিত হইয়াই স্বশাসিত গোর্খা পরিষদের কর্ণধার হইয়াছিলেন, তবু পুনরায় নির্বাচনের ঝুঁকি লইতে তিনি প্রস্তুত নন। পরাজয়ের আশঙ্কা তাঁহাকে নির্বাচনের প্রতি এতটাই বিমুখ করিয়াছে যে নানা ছলে সেই নির্বাচন স্থগিত করার কিংবা নিজের নিয়ন্ত্রণে গোটা নির্বাচন প্রক্রিয়াটি সঞ্চালন করার জন্য তিনি বদ্ধপরিকর। এ জন্যই গোর্খা পরিষদের মেয়াদ অন্তে পুনর্নির্বাচনের নির্ঘণ্ট তিনি বানচাল করিতে সচেষ্ট। সে ক্ষেত্রে পরিষদের কাজকর্ম সুষ্ঠুভাবে চালাইবার জন্য প্রশাসক নিয়োগের যে সাংবিধানিক বাধ্যবাধকতা রহিয়াছে, পশ্চিমবঙ্গ সরকারকে তিনি তাহাও পালন করিতে দিতে চান না। এ ক্ষেত্রে তাঁহার আবদার, তাঁহাকেই ওই অ-নির্বাচিত পরিষদের প্রশাসক নিয়োগ করিতে হইবে। অন্যথায় তিনি দফায় দফায় ৯১ দিন বন্‌ধ পালন করিয়া পার্বত্য দার্জিলিঙকে অচল করিয়া দিবেন।

গণতন্ত্রে সুবাস ঘিসিং কোনও কালেই বিশ্বাসী ছিলেন বলিয়া মনে হয় না। নিজের প্রাথমিক জনপ্রিয়তা কাজে লাগাইয়া তিনি আপন প্রভুত্ব বৈধ করিয়াছেন। এখন যখন তাঁহার জনপ্রিয়তা আর আগের মতো নাই, নানা অভিযোগে গোর্খা জনগোষ্ঠীর বড় অংশের উপর আপন কর্তৃত্ব হারাইয়াছেন, তখনও আগের মতোই হুমকি দিয়া পার্বত্য পরিষদ ও তাহার তহবিল কুক্ষিগত রাখিতে তিনি মরিয়া। এ জন্যই ৯১ দিনের বন্‌ধ-এর হুমকি। হুমকির নিহিত বার্তাটি দ্ব্যর্থহীন। ইতিপূর্বে এ ধরনের বন্‌ধ-এ এক দিকে যেমন ব্যাপক হিংসা ও সন্ত্রাস সৃষ্টি হইয়াছে, অন্য দিকে তেমনি জনজীবন বিপর্যস্ত হইয়া অর্থনীতির সমূহ ক্ষতি সাধিত হইয়াছে। সেই ক্ষতি আবার রাজ্য সরকারকেই ভর্তুকি দিয়া পূরণ করিতে হইয়াছে। সামনেই পর্যটনের মরসুম। পর্যটনই যেহেতু দার্জিলিঙের একমাত্র রাজস্ব উপার্জনকারী শিল্প, তাই এই মরসুমে তিন মাসব্যাপী বন্‌ধ পার্বত্য অর্থনীতির বারোটা বাজাইয়া ছাড়িবে। ঘিসিংয়ের কৌশল সহজবোধ্য। ইতিপূর্বে যখনই তিনি অনুরূপ চাপ সৃষ্টির প্রক্রিয়ায় মাতিয়াছেন, তখনই রাজ্য অশান্তি, হিংসা ও রাজনৈতিক অনিশ্চয়তার শঙ্কায় চাপের কাছে নতি স্বীকার করিয়াছে। ক্রমাগত নতিস্বীকার ঘিসিংকে আরও সাহসী করিয়াছে। যদি রাজ্য আগের পর্যায়গুলিতে কঠোর হইত, কড়া হাতে হুমকির মোকাবিলা করিত, তবে তাঁহার সাহস ও স্পর্ধা এত বাড়িত কি না সন্দেহ।

দুর্ভাগ্যের বিষয় হইল, এ বারও সম্ভবত রাজ্য সরকার শেষ পর্যন্ত ঘিসিংয়ের অন্যায় ও অসাংবিধানিক দাবি শিরোধার্য করিবে। তাহার ফলে পার্বত্য দার্জিলিঙের নির্বাচকমণ্ডলী এবং তাঁহাদের প্রতিনিধিত্বকারী রাজনৈতিক সংগঠনগুলির প্রতি যে চরম অবিচার করা হইবে, তাহা নিশ্চিত। কিন্তু রাজ্য সরকারের প্রধান শাসক দল সি পি আই এমের নেতৃত্ব ঘরপোড়া গরু, দিগন্তে সিঁদুরে মেঘের সঞ্চার সহজেই তাঁহাদের সন্ত্রস্ত করিয়া তোলে। দার্জিলিঙ একদা সি পি আই এমের দুর্গ ছিল, কমিউনিস্ট আন্দোলনের ঘাঁটি ছিল। ঘিসিংয়ের নেতৃত্বে গোর্খা জনজাতীয় আত্মশাসনের আন্দোলন সেই দুর্গে কেবল ফাটল ধরায় নাই, তাহার প্রাকার ধূলিসাৎ করিয়া বামপন্থীদের পাড়াছাড়া করিয়াছে। এখন ঘিসিং ও তাঁহার জি এন এল এফের জনপ্রিয়তা হ্রাস পাইলেও এবং সেই সুযোগে বিভিন্ন রাজনৈতিক শক্তি (যাহার মধ্যে বিক্ষুব্ধ জি এন এল এফও আছে) মাথা চাড়া দিলেও দার্জিলিঙে পার্টির দুর্গের পুনরুদ্ধার সম্ভব নয়। সে জন্যই কি রাজ্য সরকার ঘিসিং ও তাঁহার স্বৈর[illegible]বী দাবির প্রতি তত কঠোর হইতে পারিতেছে না? পরাজয়ের ভয়ে ঘিসিং যদি কখনও পাহাড়ে নিরপেক্ষ ও অবাধ নির্বাচন করিতে না দেন, যে কোনও শাসনব্যবস্থার শীর্ষে যদি ব্যতিক্রমহীন ভাবে তাঁহাকেই ন্যস্ত রাখিতে হয়, তবে সেটাও কি বুদ্ধদেব ভট্টাচার্য পাহাড়ে শান্তি নষ্টের ভয়ে মানিয়া লইবেন? দুই ধরনের ভয় কি এ ভাবেই এক জন স্বৈরাচারী ও একজন গণতন্ত্রীকে মিলাইতে থাকিবে?

ANADABAZAR PATRIKA 10 MAR 2005

ঘিসিংকে ফোন, বুদ্ধ ফের দিল্লি যাচ্ছেন ১৯শে

দার্জিলিং-সমস্যা নিয়ে প্রধানমন্ত্রী মনমোহন সিংহের সঙ্গে ১৯ মার্চ ফের বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। পাহাড়ে জি এন এল এফের ডাকা বনধ তুলে নেওয়ার আর্জি জানিয়ে তিনি বুধবার সুবাস ঘিসিংকে ফোন করেন। প্রতিরক্ষামন্ত্রী প্রণব মুখোপাধ্যায়ের সঙ্গেও তাঁর কথা হয়েছে। আগের তুলনায় বুদ্ধবাবুর সুর এ দিন কিছুটা চড়া হলেও তিনি জানান, ঘিসিংকে বাদ দিয়ে সরকার একতরফা ভাবে ভোটের চেষ্টা করবে না। তবে পুরমন্ত্রী অশোক ভট্টাচার্য হুঁশিয়ারি দিয়েছেন, "পাহাড়ের মানুষ ঘিসিংকে বরদাস্ত করবে না। আমরাও পাল্টা বনধ-বিক্ষোভ শুরু করতে যাচ্ছি। ঘিসিং নেপালের রাজার মতো গায়ের জোরে খেয়ালি সিদ্ধান্ত নিচ্ছেন।" *(সবিস্তার পৃঃ ৬)*

ANADABAZAR PATRIKA 10 MAR 2005

Alarmed Ghisingh threatens serial bandhs

HT 5 9|3

HT Correspondent
Darjeeling, March 8

GORKHA NATIONAL Liberation Front (GNLF) chief Ghisingh and his party have threatened a series of bandhs in the Darjeeling Hills if their demand for Ghisingh's appointment as the caretaker to the Darjeeling Gorkha Hill Council (DGHC) after its term expired on March 25 wasn't met.

The bandh plans have already created a sense of panic in Darjeeling and that is likely to ruin the approaching tourist season. Thousands of people from the plains go to Darjeeling during this time of the year, soon after the Madhyamik and Higher Secondary Examinations end.

"We have decided to go for a series of bandhs, but the final decision will be taken at a central committee meeting slated for March 25," said Deepak Gurung, president, GNLF Darjeeling Branch Committee. The series of bandhs planned include a 72-hour one from March 16 and a 108-hour one from March 26. The state government is expected to table an amendment to the DGHC Act on the March 16 in the state Assembly providing for the appointment of a caretaker. The need for one has arisen because elections to the DGHC could not be held in time.

To find a solution to the problem on its own, the present general council, having a GNLF majority, had met on March 5 in Darjeeling and adopted a resolution, demanding the appointment of Subash Ghisingh as a "caretaker chairman" till the new board was formed. Significantly, the GNLF has chosen March 16, the day scheduled for the tabling of the amendment,

Subash Ghisingh

to launch its serial bandhs in order to keep the government under pressure, feel political observers. "If the government does not make Ghisingh the caretaker and unless the alternative to the council is handed over to us, we, in the next phase, will call a 13-day strike starting from the April 9," added Gurung. If this too fails to yield results, the GNLF has threatened a 21-day bandh in May followed by a 51-day strike, the date for which has not yet been finalised and is likely to emerge at the central committee meeting slated for this March 12. The longest strike so far has been the one that lasted 40 days during the Gorkhaland agitation in the late 80s.

"This decision has truly exposed the GNLF and particularly their Supremo. They can go to any extent, which includes blackmail and any undemocratic means, to cling on to power. It also shows how little they care for the Darjeeling Hills and its people," said Madan Tamang, chairman, People's Democratic Front (PDF).

Though the PDF will oppose the bandhs politically, they feel it is time the people stood up to the "GNLF tyranny." The PDF also feels the government and the district administration should adopt tough measures to foil the bandhs, which, otherwise, could disrupt normal life in the Hills.

Madan Tamang also said that a PDF delegation was likely to meet the chief minister Buddhadeb Bhattacharjee March 14 or 15 and urge him not to buckle under GNLF pressure. "The Hills do not want Ghisingh as the caretaker, as he has already lost public mandate. He knows this and is trying to avoided the elections but is pressurising the government to be appointed a caretaker," Tamang said. He said the GNLF plan of calling a series of bandh would also be discussed in the meet.

09 MAR 2005

THE HIDUSTAN TIMES

খবর এক নজরে

ঘিসিং প্রশাসক না হলে ৯১ দিন বন্‌ধের হুমকি

সুবাস ঘিসিংকে পরিষদের প্রশাসক নিয়োগের দাবি মানা না-হলে ১৬ মার্চ থেকে জুলাইয়ের মধ্যে পাহাড়ে কয়েক দফায় মোট ৯১ দিন বন্‌ধ ডাকার হুমকি দিল জিএনএলএফ। মঙ্গলবার দলের দার্জিলিং শাখার সভাপতি দীপক গুরুং বলেন, "পরিষদের কাউন্সিলররা সর্বসম্মতভাবে ঘিসিংকে প্রশাসক চান। রাজ্য সরকার ১৩ মার্চ বিধানসভায় ওই বিষয়ে নয়া আইন প্রণয়ন করবে। তাতে আমাদের দাবি মানা না-হলে ১৬ মার্চ থেকে লাগাতার ৩ দিন পাহাড় বন্‌ধ হবে। তার পরে কাজ না-হলে সুপ্রিম কোর্টে মামলা করা হবে। পরবর্তীতে ২৬ মার্চ থেকে ১০৮ ঘণ্টা বন্‌ধ হবে। ৯ এপ্রিল ত্রিপাক্ষিক চুক্তি একতরফাভাবে বাতিল করার পরে ফের ৭ দিন বন্ধ ডাকা হবে। মে মাসে ২১ দিন বন্‌ধ হবে। জুন ও জুলাই মাসে ৫১ দিন পাহাড় বন্‌ধ করা হবে।" তবে দীপকবাবুর আশা, মুখ্যমন্ত্রী পাহাড়ের শান্তি-শৃঙ্খলার কথা মাথায় রেখে ঘিসিংকেই প্রশাসক হিসাবে দায়িত্ব দেবেন।

ANADABAZAR PATRIKA

09 MAR 2005

GNLF threat: 91-day bandh

DARJEELING, March 8. — In a throwback to the days of the Gorkhaland agitation, the GNLF has threatened 91 days of strike, staggered over four months, if the state government does not agree to make Mr Subash Ghisingh the caretaker of Darjeeling Gorkha Autonomous Hill Council after the end of its current term. The threat, if carried out, may land a death-blow to the Hills' already fragile economy. The announcement itself has done quite a bit of damage.

The term of the present General Council ends on 26 March and the government is to bring a Bill in the Assembly on 13 March to set up a neutral dispensation to run the Hill Council thereafter. The government has so far said that it will not make Mr Ghisingh the sole authority of the council after 26 March.

The bandh threat issued by the GNLF Darjeeling branch committee today came after indications from the government that it would not honour the 5 March resolution of the General Council appointing Mr Ghisingh as the caretaker. Mr Ghisingh and the chief minister talked over the phone yesterday. — SNS

THE STATESMAN 09 MAR 2005

ANADABAZAR PATRIKA

ঘিসিংকেই প্রশাসক করার পথ খোলা রাখছেন বুদ্ধ

দেবব্রত ঠাকুর ও পার্থসারথি সেনগুপ্ত

সুবাস ঘিসিংকে সরিয়ে আবার তাঁকেই দার্জিলিং পার্বত্য পরিষদের প্রশাসক বা প্রশাসক বোর্ডের প্রধান করে ফেরানোর পথ খোলা রাখছেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। রাজনৈতিক ইচ্ছা-অনিচ্ছা নয়, রীতিমতো আইন পাল্টেই এই পথ প্রশস্ত করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

পরিষদ আইন সংশোধন করে, মেয়াদ-উত্তীর্ণ হওয়ার পরে প্রশাসক বা প্রশাসক বোর্ড গড়ে তাদের হাতেই দেওয়া হচ্ছে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ পরিচালনার দায়িত্ব। সরকার পছন্দমতো যে-কাউকে প্রশাসক-পদে নিয়োগ করতে পারবে। তিনি সরকারি আমলা হতে পারেন, রাজনৈতিক ব্যক্তিত্ব হলেও অসুবিধা নেই। অর্থাৎ পরিষদের নির্বাচিত চেয়ারম্যান ঘিসিংকে সরিয়ে প্রশাসক বা প্রশাসক বোর্ডের চেয়ারম্যান হিসাবে তাঁকেই ফিরিয়ে আনতে বুদ্ধবাবুর কোনও সমস্যা হবে না। এই লক্ষ্যে আইন সংশোধন করে চূড়ান্ত বিলটি ১৪ মার্চ বিধানসভায় পেশ করছে সরকার। সে-দিনই বিলটি অনুমোদন করানো হবে। পরিষদের নির্বাচিত পরিচালকদের মেয়াদ শেষ হচ্ছে ২৫ মার্চ।

এই সংশোধনে আইন বাঁচবে, এড়ানো যাবে ঘিসিংয়ের সঙ্গে সম্ভাব্য সংঘাত। ঘিসিংকে সামনে রেখে পরিষদের নির্বাচন করতে চাইছিলেন মুখ্যমন্ত্রী। এ ক্ষেত্রে তা-ও অসম্ভব হবে না। বিলে প্রশাসক বা প্রশাসক বোর্ডের মেয়াদ ধার্য হচ্ছে ছ'মাস। সরকার চাইলে ছ'মাস মেয়াদ বাড়াতে পারবে। প্রশাসকদের তত্ত্বাবধানেই পরিষদের ভোট হবে।

এ দিকে, ঘিসিংকে বাদ দিয়ে পাহাড়ে ভোটের দাবিতে সরব হয়েছে জি এন এল এফ-বিরোধী চার দলের জোট। এই দাবি নিয়ে ওই চার দলের নেতারা ১৫ মার্চ আসছেন মুখ্যমন্ত্রীর কাছে। গোর্খা লিগ, সি পি আর এম, সি পি এম এবং সি পি আইয়ের নেতারা দেখা করবেন বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু, সি পি এমের রাজ্য সম্পাদক অনিল বিশ্বাসের সঙ্গেও। তবে ঘিসিংকে বাদ দিয়ে তিনি যে ভোটের কথা ভাবছেন না, মুখ্যমন্ত্রী তা স্পষ্ট করে দিয়েছেন আগেই।

তাই সংশোধনী বিলের আগের খসড়াগুলি খারিজ করে নতুন করে তা তৈরি করা হয়েছে। চূড়ান্ত খসড়া বিলে বলা হয়েছে: ● নির্বাচন হল না, অন্য দিকে পরিষদের পাঁচ বছরের মেয়াদ শেষ হয়ে গেল, এমনকী বর্ধিত এক বছরের মেয়াদও শেষ হওয়ার পরে ক্ষমতা কার হাতে বর্তাবে, মূল আইনে তা ছিল না। তাই সংশোধনীতে প্রশাসক বা প্রশাসক বোর্ড বসানোর ব্যবস্থা করা হচ্ছে। ● ১৯৮৮ সালে যে-চুক্তির ভিত্তিতে পার্বত্য পরিষদ গড়া হয়েছিল, তাতে 'স্বশাসিত' শব্দটি ছিল না। তাই মূল চুক্তি অনুসারে শব্দটি বাদ দেওয়া হল। ● এই বিলে পরিষদে নিয়োগের ক্ষেত্রে একটি বিধিনিয়ম প্রণয়নের ব্যবস্থা হয়েছে। পরিষদ কর্মী নিয়োগ করবে, কিন্তু তা করতে হবে এই বিধিনিয়ম মেনেই।

অন্য দিকে, **শিলিগুড়ি থেকে স্টাফ রিপোর্টার** জানান, সোমবার বুদ্ধবাবু ফোন করেন ঘিসিংকে। জি এন এল এফ সূত্রের খবর, দু'জনের মধ্যে পরিষদের সাধারণ সভার সিদ্ধান্ত নিয়েই মিনিট কুড়ি আলোচনা হয়। শনিবারের ওই সভায় ঘিসিংকেই প্রশাসক করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। সেই সিদ্ধান্ত কেন রূপায়ণ করা দরকার, ঘিসিং বারেবারেই বুদ্ধবাবুকে তা বোঝানোর চেষ্টা করেন। ঘিসিংয়ের বক্তব্য, রাজ্যে সরকারের মেয়াদ শেষ হলেও 'তদারকি মুখ্যমন্ত্রী' হিসাবে মুখ্যমন্ত্রীই দায়িত্বে থাকেন। স্বশাসিত পরিষদের ক্ষেত্রে তার ব্যতিক্রম হবে কেন?

ফোনালাপের পরে ঘিসিংকে বেশ আশ্বস্তই দেখিয়েছে বলে জি এন এল এফ সূত্রের খবর। পাশাপাশি, ঘিসিং যে পাহাড়ের কর্তৃত্বে থাকতে বদ্ধপরিকর, তা আরও স্পষ্ট জি এন এল এফের দুই বিধায়কের মনোভাবে। এ দিন তাঁদের সঙ্গে ঘিসিংয়ের আলোচনা হয়। দলীয় সূত্রের খবর, কার্শিয়াংয়ের বিধায়ক শান্তা ছেত্রি ও কালিম্পংয়ের বিধায়ক গোলন লেপচা ১০ তারিখে মুখ্যমন্ত্রী, স্পিকার, পরিষদীয় মন্ত্রীকে স্মারকলিপি দেবেন। তাতে ঘিসিংকেই কেন প্রশাসক করা দরকার, তা ব্যাখ্যা করা হবে।

08 MAR 2005

THE HINDUSTAN TIMES

08 MAR 2005

Ghisingh rushes envoy, seeks Cong hand

HT Correspondents
Kolkata/Darjeeling, March 7

IN A significant political development, GNLF supremo Subash Ghisingh sent an emissary to Kolkata on Saturday to seek support of the state Congress to help him continue at the helm of affairs in the DGHC.

Sources said on Monday that Ghisingh's emissary, a trade union leader of the Hills, met state Congress working president Pradeep Bhattacharya asking him to agree to a one-on-one meeting with the GNLF chief.

Sources, however, claimed that Bhattacharya did not make any commitment and said he would sit with Ghisingh only if the state and the Centre appointed him as a mediator. When contacted, Bhattacharya refused to comment on the issue, saying it was "too sensitive".

Congress insiders said Ghisingh's emissary reminded Bhattacharya that the GNLF had supported the Congress candidate in the Hills during the last Lok Sabha polls. In a letter, Ghisingh said the time has come to make the bond even stronger, hinting for Congress help in his demand for keeping him as the caretaker for the DGHC. The Darjeeling District Congress (Hills) denied that such a letter was sent.

Subash Ghisingh
'It's payback time, gentlemen!'

Dawa Norbula, the Congress MP and president of the District Congress (Hills) said, "I have no knowledge of any such letter and even Ghisingh has not contacted me. Even if such an emissary was sent, he did not talk to me regarding this." Norbula added that his party was neither with the People's Democratic Front, nor with the GNLF.

However, Sankar Malakar, president of the District Congress Committee Plains had earlier come out openly in support of the GNLF camp. Norbula, however, said the Congress in the Hills was open to any coalition with any anti-CPI(M) force if the need arose. "The Congress would support the amendment to be brought in the Assembly after the tenure of the DGHC General Council expired after on March 15."

Political observers feel the Congress may be eyeing the three seats in the Hills in the 2006 Assembly polls, which can be theirs only with Ghisingh's blessings. The state government also won't like to go into a direct confrontation with Ghisingh and the GNLF in order to maintain political stability and peace in the Hills. All these add up to Ghisingh getting an upper hand. "Ghisingh has always been a Congress baby and has been elevated to his present stature by the party," said D.S. Bomzan, a CPRM leader.

Meanwhile, the GNLF organised a Darjeeling Branch Committee meeting and expressed its solidarity with the resolution adopted in the General Council meeting on the March 5, in which it was decided that Subash Ghisingh should be appointed the caretaker of the DGHC. They have also decided to hold meetings at the constituency level to muster public support on this issue, starting from March 10.

ঘিসিংকে প্রশাসক চেয়ে পরিষদের সভায় প্রস্তাব

সঞ্জয় চক্রবর্তী ● দার্জিলিং

পাহাড়ের রাশ নিজের হাত থেকে ছাড়বেন না সুবাস ঘিসিং।

দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের সাধারণ সভার পরে জি এন এল এফ সুপ্রিমো জানিয়ে দিলেন, মেয়াদ শেষ হওয়ার পরে তিনি একাই হতে চান পাহাড়ের প্রশাসক। সভায় গৃহীত ওই সিদ্ধান্ত রাজ্য সরকারকে জানিয়ে দিচ্ছেন পার্বত্য পরিষদের চেয়ারম্যান ঘিসিং। শনিবার দার্জিলিং পর্যটক আবাসে কড়া নিরাপত্তার মধ্যে ওই সভায় যোগ দেন জি এন এল এফ সুপ্রিমো। সভার পরে তিনি বলেন, "আগামী ২১ মার্চ সমস্ত কাউন্সিলর আমার কাছে পদত্যাগপত্র দেবেন। ওঁরা সর্বসম্মতভাবে আমাকেই প্রশাসক হিসাবে চান। সভার সিদ্ধান্ত রাজ্য সরকারকে জানিয়ে দেব। আশা করি আমাকে প্রশাসক নিয়োগ করে পরিষদকে বাঁচানো হবে। নইলে রাজ্য সরকার ভুল করবে।"

সম্প্রতি একাধিকবার রাজ্যের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের সঙ্গে টেলিফোনে কথা হয় তাঁর। মুখ্যমন্ত্রীর সঙ্গে সেই সব আলোচনায় তিনি যে আশাবাদী গোপন করেননি ঘিসিং। তাঁর মতে, "কেন্দ্রের দিক থেকে আমরা খুব ভাল সাড়া পাচ্ছি। রাজ্যের তরফেও ইতিবাচক ভূমিকা নেওয়া হচ্ছে দেখছি। তাই মনে হয় আমাদের প্রস্তাব মেনে নেওয়া হবে।"

ঘিসিংয়ের প্রস্তাব শুনে রাজ্যের পুরমন্ত্রী অশোক ভট্টাচার্য বলেছেন, "প্রশাসক নিয়োগ এবং দায়িত্ব বণ্টন কী ভাবে হবে তা রাজ্য সরকার ঠিক করবে। আমি আপাতত এটুকু বলতে পারি, মেয়াদ শেষ হওয়ার আগে অন্যান্য কাউন্সিলরদের শুধু নয়, ঘিসিংয়েরও পদত্যাগ করা উচিত।" ঘিসিং অবশ্য আগেভাগেই বলে দিয়েছেন, তাঁর পদত্যাগের প্রশ্নই ওঠে না। তাঁর যুক্তি, "পরিষদের তদারকির জন্য প্রশাসক নিয়োগের যে কথাবার্তা চলছে, সেখানে তো আমাকেই চেয়ারম্যান হিসেবে ভাবা হয়েছে। তাই পদত্যাগের প্রশ্ন ওঠে না।"

পরিষদের মেয়াদ ফুরোচ্ছে ২৫ মার্চ। তার আগে ভোট করানোর চেষ্টা করেছিল রাজ্য সরকার। কিন্তু নানা শর্ত আরোপ করে শেষ পর্যন্ত ভোটের রাস্তায় হাঁটতে চাননি জি এন এল এফ নেতৃত্ব। ইতিমধ্যে ঘিসিংয়ের চাপে পরিষদের ক্ষমতা ও সাংবিধানিক অবস্থানের প্রশ্নে ত্রিপাক্ষিক বৈঠক শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে ঘিসিংয়ের বৈঠকও হয়েছে। পাশাপাশি, রাজ্য সরকারও মেয়াদ শেষ হওয়ার পরে প্রশাসক নিয়োগ করতে উদ্যোগী হয়।

পরিষদ যে আইনে গঠিত হয়েছে, সেখানে প্রশাসক কে বা কারা হবেন সেই ব্যাপারে কোনও স্পষ্ট উল্লেখ নেই। তাই প্রশাসক নিয়োগের জন্য বিধানসভায় নয়া আইন পাস করানোর কথা ভাবছে রাজ্য সরকার। প্রাথমিক ভাবে রাজ্য সরকারের পক্ষ থেকে, ঘিসিংকে রেখেই আরও কয়েক জনকে নিয়ে প্রশাসকমণ্ডলী গড়ার কথাও ভাবা হয়েছে। রাজ্য সরকার যে ঘিসিংয়ের সঙ্গে সংঘাতের পথে যাবে না তা আগেই জানিয়ে দিয়েছিলেন মুখ্যমন্ত্রী।

এই পরিস্থিতিতে গত সোমবার রাজ্যের মুখ্যমন্ত্রী টেলিফোন করে ঘিসিংয়ের সঙ্গে দু'দফায় কথা বলেন। তার পরেই ঘিসিং তাঁর বিদেশ সফর বাতিল করে জরুরি ভিত্তিতে সাধারণ সভা ডাকেন।

এই দিন বেলা ১১ টায় সাধারণ সভা শুরু হয়। সেখানে উপস্থিত সংখ্যাগরিষ্ঠ কাউন্সিলররা এক বাক্যে জানিয়ে দেন, পরিষদের প্রশাসক হিসাবে তাঁরা একমাত্র ঘিসিংকেই দেখতে চাইছেন।

ঘিসিংয়ের দাবি, "আমি দীর্ঘদিন ধরে পরিষদ চালাচ্ছি। তাই সকলেই মনে করছেন আমাকে দায়িত্ব দেওয়া হলে সব দিক থেকেই পাহাড়ের ভাল হবে। ত্রি-পাক্ষিক বৈঠক শেষ না-হওয়া পর্যন্ত আমিই পরিষদের হয়ে উন্নয়মূলক কাজকর্ম চালাব। রাজ্য সরকারের সঙ্গে যোগসূত্র রক্ষা করব। একাধিক প্রশাসক কিংবা কোনও মনোনীত বোর্ড দরকার নেই।"

ANADABAZAR PATRIKA

0∟ MAR 2005

THE TELEGRAPH

06 MAR 2005

Ghisingh springs council caretaker offer

VIVEK CHHETRI

Darjeeling, March 5: The Darjeeling Gorkha Hill Council today adopted a resolution saying its chairman, Subash Ghisingh, would stay on as "caretaker" while the councillors would resign from their posts.

The step is seen as a DGHC attempt to pre-empt the Buddhadeb Bhattacharjee government's move to appoint an administrator and not extend the term of the hill council.

The changes would be effected on March 21, four days before the DGHC's term expires on March 25, Ghisingh told a news conference after a general council meeting here.

"The general council has decided that all councillors will surrender their membership of the council to me on March 21 at 11 am at Lal Kothi. They have also passed a resolution maintaining that I should function as caretaker chairman till an alternative to the council is worked out. Following this, an election can be held and I have no objections (to that)," he said.

The Gorkha leader rejected all other arrangements that are being considered by the Centre and the Bengal government.

"The Centre wanted me to function as a full-fledged chairman for another year but the state government had its reservations on this arrangement and I, too, have said I am not interested in this.

"Buddhadeb Bhattacharjee had called me a few days ago and mulled constituting an advisory board of all political parties but this is a laughable option," Ghisingh said.

The leader also rejected the idea of appointing an administrator to the council after March 25.

But he refused to spell out what the alternative to the council would be. "An alternative to the council has to be worked out taking into consideration the security of the country. This is why, I cannot singly spell out what it should be like," Ghisingh said.

The GNLF leader said the immediate task for the state government would be to find a suitable solution to the "deadlock regarding the council after March 25".

"After the council ceases to function, making me the caretaker chairman would ensure that there is someone around to liaise between the state and the central government," Ghisingh said, adding that the GNLF would then be forced to take up the issue.

Observers, however, believe that Ghisingh's intention is only to distance himself from some of the present councillors so that he can effectively check the growing infighting among the GNLF leaders.

The DGHC decision has, understandably, found no favour with Asok Bhattacharya, the state urban development and municipal affairs minister. He dismissed the developments as meaningless.

On Ghisingh's decision to become "caretaker chairman", Bhattacharya said: "Whatever decision (there is to be taken), regarding who is to take over after the DGHC's expiry, has to be done by constitutional means. A bill has to be placed and passed in the Assembly. The governor's assent will have to be sought to bring about an amendment to the DGHC Act, after which the state government will decide on further course of action. The question of Ghisingh remaining chairman does not arise at all."

Ghisingh: First off the b

Council for Ghisingh as 'caretaker'

STATESMAN NEWS SERVICE

DARJEELING, March 5. — Defying democratic norms, the General Council of the DGAHC today proposed that the current DGAHC chairman, Mr Subash Ghisingh, be appointed "caretaker" of the Hill council after its dissolution on 25 March.

The one-year extended tenure of the General Council ends on 25 March, with the state government failing to hold its polls. Reportedly, the government was mulling either an administrator or an all-party board to run the DGAHC after its current tenure. Addressing a press conference after the General Council meeting at the Tourist Lodge here today, Mr Ghisingh spoke of the two resolutions taken: one, to install him as the Council's "caretaker" after 25 March and two, councillors will resign en masse on 21 March.

"All councillors will be surrendering their membership to the General Council to welcome an alternative, the talks for which are on between the Centre, state and the Hill council," Mr Ghisingh said, adding that he would remain the sole person in charge of the council till the tripartite talks are over. Noting that the state will introduce a Bill in the Assembly on 13 March to install a new dispensation for the Hill council and the dissolution of the General Council of the DGAHC, he warned the government "not to make any mistake in the Bill".

According to Mr Ghising, the DGAHC would become "defunct" if the state turns down today's resolution to nominate him as the council's caretaker. He said the chief minister had recently called him up with the proposal to have an "all-party board of administrators" for the Hill council after 25 March. "The proposition is laughable," Mr Ghising quipped. "Elected bodies cannot come under any board."

THE STATESMAN

06 MAR 2005

GNLF nays council officer

OUR CORRESPONDENT

Darjeeling, Feb. 27: The GNLF today rejected the state government's plan to appoint an administrator after the Darjeeling Gorkha Hill Council (DGHC)'s term terminates on March 25.

Deepak Gurung, the president of the GNLF's Darjeeling committee, said there is no provision in the DGHC Act for the appointment of the administrator. The move, he added, would "stifle democracy".

"At a time when review meetings are on, how can they talk of an administrator? The move will be undemocratic, as it will mean that an authority would be appointed superseding an elected body. Such a move will not solve the impasse. Besides, there is no such provision in the DGHC Act," Gurung said.

When the Buddhadeb Bhattacharjee government is working towards amending the act to install the administrator, the fresh opposition can derail the process.

The GNLF wants to get the maximum from the situation that will arise after the term of the council expires on March 25. The party wants the government to appoint Subash Ghisingh as caretaker of the council till the elections are held.

The Opposition parties in the hills, including the CPM, have made it clear Ghisingh should not be allowed to hold the reins of the council even after its term ends.

The DGHC has already got two extensions from the state government and a third is barred by the law, but Ghisingh has refused to participate in the polls till his demands regarding the powers of the council are met through meetings with the state and the Centre.

If the state government endorses what the Gorkha leader's opponents have been demanding, the GNLF will suffer a major setback. However, there are reports that the government is also mulling making Ghisingh the chief adviser to an administrator.

"The council will cease to be if a caretaker is not put in place by March 26," said Gurung. The GNLF maintains that a caretaker chairman would ensure that an elected person is at the council helm.

The GNLF has also raised the bogey of a separate Gorkhaland to ensure that it wins the next round at the negotiation table. "The state says it will pass a bill to remove the word autonomous (from DGHC). But we'll see that a bill on Gorkhaland comes first," said Gurung.

Ghisingh is leaving for Germany to attend a 10-day tourism festival starting March 3.

THE TELEGRAPH 28 FEB 2005

27 FEBRUARY 2005 Vol. CXXXIX 9(S)

CHALLENGE IN THE HILLS

An administrator is a good idea

THE first positive signal that the West Bengal government means business with regard to the Hill Council election is the move to appoint an administrator after the council's present term expires on 26 March. Subash Ghisingh, having drawn another blank in a series of tripartite meetings (the latest on Friday which included the prime Minister), mocks the idea and keeps referring to additional powers for the council. What it means is that the state government is confronted with a challenge. It will be a real test for Buddhadeb Bhattacharjee on whether he can execute the idea of an administrator for Darjeeling in the face of resistance from Ghisingh. Someone must be prepared to take the plunge. The GNLF leader is at his devious best but it is doubtful whether he will be able, in the changed scenario, to play the Gorkhaland card with threats of violence as he did in the eighties leading to the tripartite agreement in 1988. Being a party to the agreement, he cannot escape elections citing irrelevant issues. Nor can he keep asking for tripartite talks as excuse for postponing elections. At one stage, he seized upon the inclusion of the word "autonomous" in the name of the Darjeeling Gorkha Hill Council to suggest there are "two authorities" and that a further clarification would be needed before the election are held. No one has any doubts about all these diversionary tactics because he is far from certain about his popular base at the moment; there is also disturbing evidence of dissent within GNLF ranks.

The question is whether the Left Front government can send out the right signals by actually appointing an administrator. The Centre has cleverly placed in the ball in the state's court. After GNLF support for a Congress candidate in the parliamentary election, they are playing their cards carefully. In fact, Shivraj Patil has suggested a substantial hike of nearly Rs 30 crores as annual grant to the Hill Council making it Rs 50 crores — without asking Ghisingh for proper accounting. This means that three parties to the agreement are pulling in different directions. A stalemate will bring the administration in the hills to a halt after 26 March. Someone must pluck up the courage to tell Ghisingh that he must subscribe to the democratic process. The CPI-M is seen to be taking tough positions elsewhere. In this case, it has been held back by its own policy of appeasement.

THE STATESMAN 27 FEB 2005

ঘিসিংয়ের নেতৃত্বে পরামর্শদাতা কমিটি চায় না সি পি এম

নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি: গোর্খা পার্বত্য পরিষদ চালাতে যদি সুবাস ঘিসিংকে পরামর্শদাতা কমিটির প্রধান করা হয় তা মেনে নিতে রাজি নয় দার্জিলিং জেলা সি পি এম। শনিবার শিলিগুড়িতে পাহাড়ের জি এন এল এফ বিরোধী দলগুলির জোট পি ডি এফের সঙ্গে বৈঠকের পরে এ কথা জানিয়েছেন রাজ্যের পুরমন্ত্রী অশোক ভট্টাচার্য। অশোকবাবুর বক্তব্য, "আমরা যেমন বর্তমান কাউন্সিলের মেয়াদ আর বাড়ানোর পক্ষে নই, তেমনই ঘিসিংকে প্রশাসক পদে চাই না। বরং ঘিসিংয়ের উচিত এখনই চেয়ারম্যান পদ থেকে সরে দাঁড়ানো। যিনি সময়ে পাহাড়ে নির্বাচন করলেন না তাঁকে কোনও মতেই প্রশাসকের পদে মেনে নেওয়া হবে না।" সৎ ,দক্ষ বলে পরিচিত রাজ্যের কোনও ব্যক্তিকে প্রশাসক পদে বসাতে রাজ্য সরকারের কাছে আর্জি জানিয়েছে সি পি এম এবং পি ডি এফ নেতৃত্ব।

ত্রিপাক্ষিক বৈঠক সেরে দিল্লি থেকে দার্জিলিঙে ফেরার পথে সোমবার সুবাস ঘিসিং শিলিগুড়িতে অবশ্য জানান, গোর্খা পার্বত্য পরিষদ ভেঙে একরতফাভাবে প্রশাসক বসালে রাজ্য সরকার ভুল করবে। তার পরেও ২৫ মার্চের মধ্যে পরিষদের নির্বাচন সম্ভব নয় বুঝে রাজ্য সরকার পরবর্তী পদক্ষেপ নিয়ে ভাবনা চিন্তা শুরু করে দিয়েছে। ঘিসিংকে না-চটিয়ে কী পদক্ষেপ নেওয়া যায় তা নিয়ে প্রশাসনিক স্তরে ভাবনাচিন্তা চলছে। পার্বত্য পরিষদ ভেঙে একটি পরামর্শদাতা কমিটি তৈরি করে ঘিসিংকে প্রধান পদে বসানো যায় কি না, তা নিয়েও ভাবনা চিন্তা চলছে। তাতেই উদ্বিগ্ন পাহাড়ের জি এন এল এফ বিরোধী রাজনৈতিক দলগুলি।

তাঁদের আশঙ্কা, ঘিসিংকে পরামর্শদাতা কমিটির প্রধান পদে বসালে রাজনৈতিক দিক থেকে পিছিয়ে পড়বেন তাঁরা। রাজ্য এ ধরনের কোনও পদক্ষেপ নিলে সি পি এমের সঙ্গে তৈরি পাঁচ দলের জোট যে ভেঙে যেতে পারে, এমন ইঙ্গিত দেন কিছু নেতা। জি এন এল এফ (সি)-এর নেতা দীপক প্রধান বলেন, "ঘিসিংকে পরামর্শদাতা কমিটির প্রধান পদে বসানো হলে রাজ্য সরকারের সাময়িক লাভ হতে পারে। আখেরে পশ্চিমবঙ্গের চরম ক্ষতি হবে। এ ধরনের সিদ্ধান্ত মানা সম্ভব নয়।"

এ দিন শিলিগুড়ি সার্কিট হাউসে আয়োজিত পাঁচ দলের ওই বৈঠকে সি পি আর এম, জি এন এল এফ (সি) এবং অখিল ভারতীয় গোর্খা লিগের নেতারা সি পি এম নেতৃত্বকে চেপে ধরেন। পুরমন্ত্রীকে বোঝাতে হয় যে বিষয়টি এখনও ভাবনাচিন্তার স্তরেই রয়েছে। পুরমন্ত্রী বলেন, "১৯৮৮ সালের চুক্তিতে পার্বত্য পরিষদের মেয়াদ এক বছর পর্যন্ত বাড়ানো যেতে পারে বলে বলা হয়েছে। তার পরে কী হবে তা নিয়ে স্পষ্ট করে কিছু বলা হয়নি। এ ব্যাপারে সিদ্ধান্ত নিতে হলে বিধানসভায় আইন পাস করাতে হবে।"

এ দিন পাঁচ দলের পক্ষ থেকে এ ব্যাপারে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনার দাবি তোলা হয়। গোর্খা পার্বত্য পরিষদ সংক্রান্ত বিষয়ে পাহাড়ের অন্য রাজনৈতিক দলগুলিকেও আলোচনায় ডাকার জন্য প্রধানমন্ত্রী মনমোহন সিংহের কাছে দাবি জানানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নির্বাচন পিছিয়ে দিতে সফল ঘিসিং যাতে পাহাড়ে কোনও রাজনৈতিক সুবিধা নিতে না-পারেন, সেই জন্য মাধ্যমিক পরীক্ষার পরে জনসমাবেশের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ANADABAZAR PATRIKA 27 FEB 2005

Differences over Gorkha Hill Council

By Marcus Dam

KOLKATA: The hastily-convened meeting between the Prime Minister, Manmohan Singh, and the West Bengal Chief Minister, Buddhadeb Bhattacharjee, in New Delhi on Thursday reflects the heightening concerns of both governments over the future of the Darjeeling Gorkha Hill Autonomous Council. Its Chairman, Subhash Ghising, demands that the present council needs to be replaced with "an alternative council" with greater powers. Concealed in the de-

NEWS ANALYSIS

mand is a veiled threat to revive the movement for a Gorkhaland state — one that had thrown the region into a period of political turbulence till it was called off with the setting up of the Council 16 years ago.

What has prompted the sudden turn of events is the contentious issue of holding elections to the Council whose term expires on March 25. The West Bengal Government has announced its intentions to appoint an administrator for running the DGHAC once the term ends and till the electoral arrangements are completed. This puts paid to Mr. Ghising's hopes of continuing to be in the saddle, even beyond the expiration date of the Council, till his demands for additional powers to it are met to his satisfaction.

Mr. Bhattacharjee and Mr. Ghising have been at odds on the subject. Their differences were in evidence at last week's tripartite talks convened by the Union Home Minister, Shivraj Patil, in New Delhi that ended inconclusively. Mr. Ghising's contention that the polls cannot be held unless there is an upgrading of the council was an argument Mr. Bhattacharjee has persistently refused to buy.

Flagrant violation

Not holding elections, Mr. Bhattacharjee has reiterated, does not augur well for the democratic process that had been set in place in the hills after the two-year-long violent agitation for statehood.

Also, it is a flagrant violation of the DGHC Act which came into existence following a memorandum of settlement signed in the presence of the then Union Home Minister, Buta Singh, by the then West Bengal Chief Minister, Jyoti Basu, and Mr. Ghising calling off a movement that had crippled the local economy and cost several lives. Talks on the revision of powers of the Council could go on but not at the cost of subverting the election process in a region where the polls have already been deferred by a year, the Chief Minister maintained.

The raking up of the statehood demand is seen as a ploy by Mr. Ghising to push back indefinitely an election whose outcome could well go against him considering the steady erosion in support base and growing threat to his hegemony, his political opponents argue.

This is open to debate but what is not is that any talk of Gorkhaland in the Darjeeling hills has always been loaded with significant emotive appeal and is one that has dominated both public discourse and the rhetoric of leaders of political parties whose agendas it determines.

THE HINDU 27 FEB 2005

ঘিসিংকে রেখেই বসবে প্রশাসক

অসীম নাথ ও অংশু চক্রবর্তী

দিল্লি ও কলকাতা, ২৫ ফেব্রুয়ারি— নির্দিষ্ট সময়ে পাহাড়ে ভোট না হলে সুভাষ ঘিসিংকে সঙ্গে নিয়েই পার্বত্য পর্ষদের কাজ চালানোর মতো একটি বিকল্প ব্যবস্থা খোঁজা হচ্ছে। শুধু পশ্চিমবঙ্গ সরকারের মনোনীত প্রশাসক নন, সুভাষ ঘিসিংও যুক্ত থাকবেন। কেন্দ্র এমন কোনও বিকল্প খুঁজতে বলেছে রাজ্য সরকারকে। মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য গতকাল এখানে প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের সঙ্গে পাহাড়ের সমস্যা নিয়ে দীর্ঘক্ষণ কথা বলেছেন। আলোচনায় এমন একটি বিকল্প ব্যবস্থার কথা উঠেছিল। মুখ্যমন্ত্রীরও আপত্তি নেই। বারবার বুঝিয়ে এসেছেন ঘিসিংয়ের একাধিক দাবি তিনি মেনে নিয়েছেন। ঘিসিংকে এড়িয়ে পাহাড়ে কিছু করতে চান না। মুখ্যমন্ত্রী আলোচনার বিষয়বস্তু নিয়ে কিছু বলেননি। কেন্দ্রীয় সরকারের একটি সূত্র থেকে জানা গেছে, সুভাষ ঘিসিংয়ের সঙ্গে মুখ্যমন্ত্রী নিজে এ নিয়ে আগে কথা বলবেন। ঘিসিং এ প্রস্তাবে রাজি না হওয়া পর্যন্ত রাজ্য সরকার বা কেন্দ্র— কেউই এ বিষয়ে প্রকাশ্যে কিছু বলবে না। মুখ্যমন্ত্রীর সঙ্গে ঘিসিংয়ের আজ বা কাল কথা হবে। এদিকে ২৫ মার্চের মধ্যেই বিধানসভায় দার্জিলিং গোর্খা পার্বত্য পর্ষদের আইন সংশোধন নিয়ে বিল পেশ করা হবে। তাতে বাদ যাবে অটোনমাস অর্থাৎ স্বশাসিত শব্দটি। দ্বিতীয়ত, পর্ষদের মেয়াদ শেষ হয়ে গেলে প্রশাসক অথবা বোর্ড অফ অ্যাডমিনিস্ট্রেটর বসানো যাবে। সেক্ষেত্রে পর্ষদের কাজকর্ম দেখভাল করবেন প্রশাসক অথবা অ্যাডমিনিস্ট্রেটরের অধীনে একজন চেয়ারম্যান। দার্জিলিং গোর্খা পার্বত্য পর্ষদের কর্মী নিয়োগ সংক্রান্ত বিধি প্রণয়নের ক্ষমতা সরকারের হাতে থাকবে। গতকাল বাগডোগরা বিমানবন্দরে সুভাষ ঘিসিং বলেছিলেন তিনি পার্বত্য পর্ষদের বিকল্প চান। নতুবা ভোট নয়। অর্থাৎ তিনি ফের গোর্খাল্যান্ডের প্রতিই তাঁর আগ্রহের কথাটি জানিয়ে দেন। মুখ্যমন্ত্রী কিন্তু ঘিসিংয়ের এই মন্তব্য নিয়ে কোনও প্রতিক্রিয়া জানাননি। বলেছিলেন, 'আমি শুনেছি উনি কী বলেছেন। তবে কোনও প্রতিক্রিয়া দিচ্ছি না। অবশ্যই সঙ্গত কারণে।' বোঝা যায় বিকল্প ব্যবস্থার সন্ধান মাঝপথে মুখ খুবড়ে যাতে না পড়ে তার জন্যই মুখ্যমন্ত্রীর এই সতর্কতা। শুক্রবার সকালে সি পি সদর দপ্তরে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলেন, গোর্খা পার্বত্য পর্ষদ গড়ার সময় ঘিসিংকে অন্য কিছু প্রতিশ্রুতি দেওয়া হয়নি। এসব অপপ্রচার। সব মিথ্যা কথা বলছেন। গোর্খাল্যান্ড হবে না। পাহাড়ে ভোট হচ্ছেই।

শিলিগুড়ি ও দার্জিলিং থেকে আজকালের প্রতিবেদক জানাচ্ছেন, দার্জিলিং গোর্খা পার্বত্য পর্ষদ চেয়ারম্যান সুভাষ ঘিসিং এখনও অনড়। দিল্লি থেকে

এরপর ২ পাতায়

AAJKAL 26 FEB 2005

ঘিসিংকে রেখেই

১ পাতার পর

ফেরার পর পর্ষদের সদর দপ্তর লালকুঠিতে শুক্রবার পর্ষদের সব কাউন্সিলরদের নিয়ে বসেছিলেন। তিনি বলেন কীসের ভোট? কীসের প্রশাসক? চুক্তি নিয়ে পর্যালোচনা চলছে। আমাদের সব দাবিই সরকারকে বলেছি। এখন অপেক্ষা। একই সঙ্গে দলনেতা হিসাবে তিনি কাউন্সিলরদের অভয় দেন: 'চিন্তা করো না। আমি আছি।' কাউন্সিলররা অবশ্য বৈঠক শেষে মুখ খোলেননি। এদিকে পাহাড়ের সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে এদিনই সি পি এমের জেলা সম্পাদকমণ্ডলীর বৈঠক বসে। নির্ধারিত সময়ে ভোট না হলে প্রশাসক নিয়োগ এবং তাঁর তদারকিতেই দ্রুত ভোট করানোর সিদ্ধান্তেই তাঁরা অনড় থাকছেন বলে জানিয়ে দেন সম্পাদক এম পি লেপচা। পাহাড়ে জি এন এল এফ বিরোধী জোটের শরিক সি পি এম, সি পি আর এম, গোর্খা লিগ, জি এন এল এফ (সি) ও সি পি আই নেতারা আজ শনিবার পরবর্তী পদক্ষেপ ঠিক করতে বৈঠকে বসছেন। এ সবের মাঝেই শুক্রবার শিলিগুড়িতে এসে পাহাড়ে এই পরিস্থিতির জন্য রাজ্য সরকার ও সি পি এমকে দায়ী করে গেলেন বিধানসভার বিরোধী দলনেতা তৃণমূলের পঙ্কজ বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন,

AAJKAL 26 FEB 2005

THE STATESMAN 25 FEB 2006

Ghisingh bent on separate council

Statesman News Service

SUKNA, Feb. 24. — While keeping the much-hyped Hill council election issue in the backburner, the GNLF supremo and DGAHC chairman Mr Subash Ghisingh is now sticking to his demand for a separate council. He wants an alternative council in the Hills under either of the Articles 3A, 13 C, 371 or the 6th Schedule.

After returning from Delhi today, Mr Ghisingh paid almost no importance to the election issue. He said: "This matter has already gone to the dustbin. When the review of the memorandum of settlement of DGAHC has started, there is no point in going for an election, unless it is completed."

However, he did not make it clear what would be his stand if the state government does appoint an administrator after 25 March by removing him, the cut-off date for the election. He said that the matter is now in a deadlock and so, unless the review of the memorandum is over, the next plan of action cannot be charted.

Asserting that the GNLF is not responsible for the loopholes in the DGAHC, Mr Ghisingh said that the power of the faulty council was imposed on him and since long he had been fighting for a separate council. "We do not want any patchwork with the existing faulty council. No repairing of the existing council would be accepted," he said.

Paying no importance to the state government's demand for his resignation after 25 March, he said: "Now the ball is in the state and the Centre's court. Let them decide what they would do."

Political observers feel any attempt to remove Mr Ghisingh from his chair would invite unrest in the Hills, apparently to avoid which the state government had succumbed to his series of demands. Asked to justify his "no election" stand, since as far as the Constitution goes, there would not be any existence of the council after 25 March, he argued that as this council does not come under the parliamentary constitutional system, there would not be any violation of the Constitution.

Mr Subash Ghisingh today returned to Darjeeling after a week's sojourn in Delhi and Rajasthan. During his absence, there had been a lot of speculation over his whereabouts.

DGAHC term hearing

The writ petition of Mr Madan Tamang challenging the state government's notification extending the DGAHC term till 26 March came up for hearing in Calcutta High Court today. Mr Justice Pranab Kumar Chattopadhyaya directed the state government to file an affidavit and fixed the final date of hearing for 3 March. The court observed that the pendency of the writ petition would not prevent the state government from taking steps for holding the election in accordance with law. The petition submitted that the Council had committed irregularities and the government should not have extended the council's term.

Buddha, PM want polls on time

NEW DELHI, Feb. 24. — With Mr Ghisingh toughening his stance and again threatening a separate Gorkhaland, the Prime Minister Dr Manmohan Singh, Union home minister Mr Shivraj Patil and chief minister Mr Buddhadeb Bhattacharjee met for an hour this evening to find a solution. They want to ensure the elections to the Darjeeling Gorkha Autonomous Hill Council are held on time with an administrator in place. They also do not want Mr Ghisingh to boycott the polls. The West Bengal delegation claimed that Mr Ghisingh was losing support. It was pointed out that the Congress MP from Darjeeling, Mr Dawa Narbula, had recently made pro-GNLF statements and some distancing was perhaps, necessary. The Centre's stance now appears to be a bit closer to the state government's and though it will provide all financial help to Darjeeling, it may be sending an emissary there as well. It appears that the Centre is not happy with the GNLF leader hardening his stance. — SNS

মাওবাদীদের মদতে ঘর গোছাচ্ছে কে এল ও

নির্মাল্য মুখোপাধ্যায়

মাওবাদীদের সাহায্য নিয়ে নতুন ভাবে ঘর গোছাতে উদ্যোগী হয়েছে কামতাপুর লিবারেশন অর্গানাইজেশন (কে এল ও)। রাজ্যের স্বরাষ্ট্র বিভাগের সাম্প্রতিক রিপোর্টে বলা হয়েছে, কে এল ও নেতা জীবন সিংহ নতুন ভাবে সংগঠনের ঘর গোছাতে উদ্যোগী হয়েছেন। তাঁর নেতৃত্বেই কে এল ও আবার সাজছে। কিছু দিন আগে জীবন বাংলাদেশে গা-ঢাকা দিয়ে ছিলেন। এখন তিনি সীমান্ত পেরিয়ে পশ্চিমবঙ্গে যাতায়াত শুরু করেছেন। ভুটান সরকার জঙ্গি শিবির ভেঙে দেওয়ায় বড় ধাক্কা খান কে এল ও এবং আলফা নেতারা। কিছু দিন তাঁরা ভারত-ভুটান সীমান্ত থেকে সরে ছিলেন। আবার সেখানে ফিরে আসতে শুরু করেছেন।

রিপোর্ট বলছে, রাজ্যে নাশকতার উদ্দেশ্যে নেপালের মাওবাদী জঙ্গিদের সঙ্গে নতুন ভাবে গাঁটছড়া বেঁধেছে কে এল ও। তারা নেপালের কমিউনিস্ট পার্টি (সি পি এন-মাওবাদী)-র সঙ্গে আঁতাঁত করেছে। রাজ্যের কোথায় ঘাঁটি গাড়ছে কে এল ও, কার সঙ্গে তারা আঁতাঁত করছে, কোথায় খোলা হয়েছে জঙ্গি প্রশিক্ষণ শিবির, সবই জানানো হয়েছে ওই বিশেষ রিপোর্টে।

রিপোর্ট বলছে, নেপাল ও ভুটান সীমান্তে প্রশিক্ষণ শিবির খুলেছে কে এল ও। ভারত-বাংলাদেশে সীমান্তেও জঙ্গি প্রশিক্ষণ চলছে। দিল্লির অভিযোগ, ভারত-বিরোধী জঙ্গিরা বাংলাদেশে প্রশিক্ষণ নিচ্ছে। বাংলাদেশ অভিযোগ অস্বীকার করেছে। পশ্চিমবঙ্গের সাম্প্রতিকতম রিপোর্টে বলা হয়েছে, বাংলাদেশের মুশিপাড়া-রংপুরে কে এল ও জঙ্গি প্রশিক্ষণ শিবির খোলা হয়েছে। ওই শিবিরে প্রশিক্ষিত দুই জঙ্গিকে কিছু দিন আগে মাথাভাঙার নলঙ্গিবাড়িতে গ্রেফতার করা হয়। জঙ্গিরা স্বীকার করেছে, তারা বাংলাদেশে অস্ত্র, বিস্ফোরক ব্যবহারের প্রশিক্ষণ পেয়েছে। উত্তরবঙ্গের চা-বাগান এবং দক্ষিণবঙ্গের কিছু এলাকায় নাশকতা চালানোর জন্য তাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছিল।

ভারত-ভুটান সীমান্তে শরণার্থী শিবিরেও আশ্রয় নিচ্ছে কে এল ও জঙ্গিরা। তারা নেপালের থাপা জেলার বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়ছে। তাদের সঙ্গে হাত মিলিয়ে আশ্রয় নিচ্ছে, এন ডি এফ বি, আলফা এবং পাক গুপ্তচর সংস্থা আই এস আই-এর সদস্যেরা। মূলত বেলডাঙি, পাতরি ও কুদুম্বারি এলাকাতেই তাদের জঙ্গি কার্যকলাপ সীমাবদ্ধ। তাদের মূল উদ্দেশ্য, মালদহ, কোচবিহার ও উত্তর দিনাজপুরে ঢুকে পড়া। কিছু দিন আগে নিউল্যান্ড এবং হলদিবাড়িতেও তাদের কার্যকলাপ লক্ষ করেছে গোয়েন্দা পুলিশ। চা-বাগানের কুলিলাইন এবং বাগানের ভিতরে তারা অস্ত্র উঁচিয়ে জায়গা দখল করছে। কিছু দিন আগেই একটি চা-বাগানে জঙ্গি শিবির চিহ্নিত করেছে পুলিশ। কে এল ও-র অপেক্ষাকৃত নরম ধাতের রাজনৈতিক নেতারা জে এম এম এবং অল কোচ রাজবংশী স্টুডেন্টস ইউনিয়নের সঙ্গেও যোগাযোগ করেছে বলে ওই রিপোর্টে জানানো হয়েছে।

ANANDABAZAR PATRIKA 25 FEB 2005

Top KLO leaders held

HT Correspondents
Kolkata/Siliguri,
February 23

UNDERGROUND KAMTAPUR Liberation Organisation (KLO) on Wednesday suffered a major setback when its organising secretary and chief combat instructor were arrested at Chenrabandha, close to the Bangladesh border in North Bengal's Cooch Behar district.

Acting on a tip-off, a police team from Mekhliagunj, in a pre-dawn operation, raided Chenglabandha village and cordoned off the house where the militants were hiding. The rebels opened fire as the police tried to zero in on the house.

The police retaliated, forcing the militants to surrender. "The operation has been highly successful. We have got the two most-wanted militants," Jagmohan, the superintendent of police, Cooch Behar, district, who had rushed to the spot, told HT The two arrested KLO rebels have been identified as Abhinash Adhikari, the organising secretary of the outfit, and Sukumar Ray alias Sanjay, its chief combat instructor.

Both Adhikari and Ray were the founder members of the outfit, which was floated on December 28, 1995.

A special team from the state intelligence branch is interrogating the two arrested militants. The version of the rebels about KLO chief Jibon Singh Singh setting up base in Dhaka has come as a surprise for the state intelligence branch. It was earlier believed that he had set up two camps in the Rongpur district of Bangladesh.

THE HINDUSTAN TIMES 24 FEB 2005

AMRITBAZAR PATRIKA 23 FEB 2005

পাহাড়ে পরিষদ যেতে পারে প্রশাসক-বোর্ডের হাতে

স্টাফ রিপোর্টার: এক জন প্রশাসক নয়, নির্বাচন পিছিয়ে যাওয়ার পরে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের কাজকর্ম চালিয়ে যাওয়ার দায়িত্ব পেতে পারে একাধিক প্রশাসকের সরকার মনোনীত বোর্ড। সেই মনোনীত বোর্ডে সরকারি আমলারা থাকবেন, নাকি রাজনৈতিক প্রতিনিধিরা, সেই ব্যাপারে রাজ্য সরকার এখনও কোনও সিদ্ধান্ত নিতে পারেনি।

তবে জি এন এল এফ নেতা এবং পরিষদের বর্তমান চেয়ারম্যান সুবাস ঘিসিংয়ের বিরোধিতায় নির্বাচনের মাধ্যমে ২৬ মার্চের মধ্যে যে নতুন পার্বত্য পরিষদ গঠন করা যাবে না, সেই ব্যাপারে রাজ্য সরকার এখন নিঃসন্দেহ। তাই সাংবিধানিক অচলাবস্থা কাটাতে রাজ্য বিধানসভার আসন্ন বাজেট অধিবেশনে ১৯৮৮ সালের দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ আইন সংশোধনে বিল আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সংশোধনী বিলের খসড়া নিয়ে মঙ্গলবার মহাকরণে স্বরাষ্ট্র ও আইন বিভাগের কর্তাদের মধ্যে ব্যস্ততা ছিল। মোদ্দা কথায়, ঘিসিংয়ের সর্বশেষ মনোভাবে পরিষদ নিয়ে যে-পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তার নিরসনে এখন আইন সংশোধন ছাড়া কোনও পথ দেখছেন না রাজ্যের আইনি পরামর্শদাতারা। পুরনো আইনে পাঁচ বছরের মেয়াদ শেষ হওয়ার পরেও পরিষদের নির্বাচন করা না-গেলে তার মেয়াদ সর্বাধিক এক বছর পর্যন্ত বাড়ানোর সংস্থান রয়েছে। চলতি দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের ক্ষেত্রে ইতিমধ্যেই দু'দফায় ছ'মাস করে সেই মেয়াদ এক বছর বাড়িয়ে দেওয়া হয়েছে। সেই মেয়াদও শেষ হয়ে যাচ্ছে ২৫ মার্চ। আইনে তার পরে পরিষদকে টিকিয়ে রাখার আর কোনও সংস্থানই নেই।

পার্বত্য পরিষদ আইনের প্রস্তাবিত সংশোধনে নির্বাচিত পরিষদের মেয়াদ মোট ছ'বছর হয়ে যাওয়ার পরে তা আর বাড়ানোর কোনও সংস্থানও অবশ্য করা হচ্ছে না। যেটা করা হচ্ছে, সেটা হল নির্বাচিত পার্বত্য পরিষদের মেয়াদ ফুরিয়ে যাওয়ার পরে তার জায়গায় সরকার মনোনীত এক বা একাধিক প্রশাসক বসানোর সংস্থান। আইনের প্রস্তাবিত সংশোধনে এক বারে সর্বাধিক ছ'মাসের জন্য সেই প্রশাসক অথবা প্রশাসকদের বসানোর কথা বলা হচ্ছে। অর্থাৎ রাজ্য সরকার চায়, পরবর্তী ছ'মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পরিষদে পাহাড়ি মানুষের ভোটে নির্বাচিত জনপ্রতিনিধিরা ক্ষমতায় বসুন।

তবে এক বার আইন সংশোধনের মাধ্যমে সরকার মনোনীত প্রশাসক বা প্রশাসকেরা দায়িত্ব নিলে পরিষদের এখনকার নির্বাচিত সাধারণ পরিষদের অস্তিত্ব থাকবে না। পাহাড়ের মানুষের জন্য পরিষদের যে-সব কাজকর্ম করার কথা, সেগুলি প্রশাসক অথবা প্রশাসকদের তত্ত্বাবধানে চালিয়ে যাওয়া হবে। প্রশাসক হিসাবে শুধু দার্জিলিঙের জেলাশাসকের মতো কোনও আমলাকে দায়িত্ব দেওয়া হবে, নাকি সর্বজনগ্রাহ্য রাজনৈতিক প্রতিনিধিদের মনোনীত করা হবে, তা নিয়েও কথা হয়। কিন্তু কোনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। কারণ, দু'ধরনের প্রস্তাবের পক্ষে— বিপক্ষেই সরকারি স্তরে ভিন্নমত রয়েছে।

পাহাড়ে নির্বাচন নিয়ে ঘিসিংয়ের চালে সরকার যে বেশ বিপাকে পড়েছে, মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মঙ্গলবার মন্ত্রিসভার বৈঠকে সহকর্মীদের তা জানান। সম্প্রতি পরিষদের চেয়ারম্যানের সঙ্গে তাঁর কী কথা হয়েছে, দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শিবরাজ পাটিল ও সনিয়া গাঁধীর সঙ্গে বৈঠকেই বা কী আলোচনা হয়েছে, মুখ্যমন্ত্রী তা জানিয়েছেন। তিনি বলেন, রাজ্য সরকার ঘিসিংয়ের সঙ্গে সংঘাতে যেতে চায় না। কিন্তু ঘিসিংয়েরও বোঝা উচিত, সবাইকে আইন মেনে চলতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, পুরমন্ত্রী অশোক ভট্টাচার্যকে পরিস্থিতির উপরে নজর রাখতে বলা হয়েছে। কেন্দ্রের সঙ্গে রাজ্য যোগাযোগ রেখে চলেছে। পুরমন্ত্রী পাহাড়ের সমস্যা নিয়ে এ দিন মুখ খুলতে চাননি।

State plans Hills poll under administrator

HT Correspondents
Kolkata/Darjeeling, February 21

IGNORING SUBASH Ghisingh's threat to block polls to the Darjeeling Gorkha Hill Council (DGHC), municipal affairs and urban development minister Asok Bhattacharya said today that the government would go ahead with the elections though they might be held after March 25, the official date for the DGHC board's dissolution.

"The Hills people want democracy, development and peace. Only elections can achieve these goals for them," he said. The delay, if any, would be caused only by the secondary and higher secondary examinations, scheduled to get over by March 22, and certain technical problems over amending the DGHC Act to introduce the provision for appointing a caretaker administrator for the dissolved board, the minister added.

Quashing all speculation over extending the board's life and appointing Ghisingh as caretaker administrator, he said the administrator would be a state government officer.

Subash Ghisingh
Under pressure

There was no provision in the DGHC Act to extend the council's life beyond March 25. That Ghisingh had been chairman for an extra year was because the Act provided for a year's extension. "He is not entitled to any further extension and will have to step down as chairman of the council, which will duly stand dissolved," Bhattacharya clarified.

The government was already getting the grounds ready for the board's dissolution and consulting legal experts on amending the laws to appoint a caretaker administrator.

The amendment would be passed during the upcoming Assembly session. If not, it would be done through an Ordinance. There would be a second amendment to drop the word "autonomous" from the Council's name, Bhattacharya said.

The statement was welcomed by the Opposition in the Hills. With Ghisingh away, the GNLF maintained a guarded silence. N.B. Khawas, a frontline GNLF leader, said, "Whatever our decision, it will be taken at the highest level. I have no comments."

D.S. Bomzan, a senior leader of the Communist Party of Revolutionary Marxists, said the Hills people would consider Bhattacharya's position as the government's own. "We welcome the decision."

THE HINDU 22 FEB 2005

গণতন্ত্র বনাম ঘিসিং

সুবাস ঘিসিং ঠিক কী চাহেন? তিনি স্বশাসিত গোর্খা পরিষদের ক্ষমতা ও তহবিল বাড়াইবার দাবি করিতেছেন। কেন এই সময়ে এই দাবি, কেন এত কাল দাবিটি তোলা হয় নাই, সে প্রশ্ন সঙ্গত। তথাপি নয়াদিল্লিতে সদ্য অনুষ্ঠিত ত্রিপক্ষ বৈঠকে কেন্দ্র ও রাজ্য সরকার, কেহই তাঁহার দাবি উড়াইয়া দেন নাই, বরং সহানুভূতির সহিত বিবেচনার আশ্বাস দিয়াছেন। স্বশাসিত পরিষদগুলির ক্ষমতা ও তহবিল যে বাড়ানো দরকার, নীতিগত ভাবে তাহা উড়াইয়া দেওয়ার কোনও কারণ নাই, বরং যুক্তরাষ্ট্রীয় কাঠামোর পরিপ্রেক্ষিতে এই বিষয়ে বিবেচনার কারণ আছে। স্বায়ত্তশাসন কার্যকর ও ফলপ্রসূ হইতে হইলে তাহার নখদাঁত দরকার হয়, অন্যথায় স্বশাসিত পরিষদের প্রশাসনিক কর্তৃত্ব প্রতিষ্ঠা করা কঠিন হয়। একই ভাবে, পর্যাপ্ত তহবিল আয়ত্তে না থাকিলে উন্নয়নমূলক কাজকর্ম করা যায় না। স্বশাসনের উদ্দেশ্য ও লক্ষ্যই তখন ব্যর্থ হইয়া যায়। তাই ঘিসিংয়ের বর্ধিত ক্ষমতা ও অর্থের দাবি আপাতদৃষ্টিতে অসঙ্গত নহে। কিন্তু তাহার সহিত পরিষদের নির্বাচন বন্ধ রাখার সম্পর্ক কী? ঘিসিং বলিয়াছেন, তিনি নির্বাচন চাহিতে দিল্লি আসেন নাই, পরিষদের ক্ষমতা ও তহবিল বাড়াইতে আসিয়াছেন। পরিষদ ক্ষমতাবান ও অর্থবান না হইলে তাহাতে নির্বাচিত হইয়াই বা লাভ কী? কিন্তু একটি অনির্বাচিত পরিষদের হাতে বাড়তি ক্ষমতা বা তহবিলই বা তুলিয়া দেওয়া হইবে কেন?

প্রশ্নটি দার্জিলিঙ গোর্খা পরিষদের ক্ষেত্রে অতিমাত্রায় প্রাসঙ্গিক, কেননা ঘিসিং-নিয়ন্ত্রিত পরিষদের দুর্নীতি, তহবিল-তছরূপ ও স্বজনপোষণ লইয়া তাঁহার দল জি এন এল এফেই এমন ক্ষোভ সৃষ্টি হয় যে দল দুই টুকরা হইয়া যায়। এখন ওই বিক্ষুব্ধ অংশ নির্বাচনী লড়াইয়ে ঘিসিং-বিরোধীদের সহিত হাত মিলাইয়াছে। পরিষদের অকর্মণ্যতা, দুর্নীতি ও পরিষদ পরিচালনায় ঘিসিংয়ের স্বৈরতান্ত্রিক ক্রিয়াকলাপ পার্বত্য দার্জিলিঙে ঘিসিংয়ের জনপ্রিয়তাও যে বহুল পরিমাণে হ্রাস করিয়াছে, ঘিসিং তাহা জানেন। নির্বাচনে তাঁহার পরিষদ পুনর্দখলের সম্ভাবনা আগের মতো উজ্জ্বল নয়। অতএব নির্বাচন বানচাল করিতে তিনি কৃতসংকল্প। এ জন্য তিনি পুনর্বার স্বতন্ত্র গোর্খাল্যান্ড রাজ্যের দাবিতে সহিংস আন্দোলনের হুমকিও দিতেছেন। আর এখানেই মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের ক্ষোভ। তিনি সঙ্গত ভাবেই পার্বত্য দার্জিলিঙে আশু নির্বাচন চান। চলতি পরিষদের কার্যকালের মেয়াদ অনেক আগেই সাঙ্গ হইয়াছে। ঘিসিংকে খুশি করিতে দুই বার মেয়াদ সম্প্রসারিত হইয়াছে। অস্যার্থ, বর্তমানে যে পরিষদের চেয়ারম্যান হিসাবে ঘিসিং তরবারি সঞ্চালন করিতেছেন, জনপ্রতিনিধিত্বের কোনও বৈধতা তাহার নাই। ঘিসিংয়েরও নাই। তবে তিনি কীসের ভিত্তিতে কেন্দ্র ও রাজ্য সরকারের সহিত দর-কষাকষি করিতেছেন? সাহস ও ক্ষমতায় কুলাইলে তিনি পুনরায় পরিষদের সভাপতি নির্বাচিত হইয়া আসুন, তাহার পর পরিষদের ক্ষমতা ও তহবিল লইয়া দরাদরি করুন।

কিন্তু যাবতীয় হুমকি সত্ত্বেও সুবাস ঘিসিং আসলে কোনও শার্দূল নহেন, দার্জিলিঙের ঘিসিং-বিরোধী রাজনীতিকরা তাহা ধরিয়াও ফেলিয়াছেন। মুখ্যমন্ত্রীও দলীয় সূত্রে সে সংবাদ রাখেন। কিন্তু ঝুঁকি লইতে পারিতেছেন না, যেমন ঝুঁকি লইতে পারিতেছেন না কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী শিবরাজ পাটিলও। আশির দশকের অর্থহীন রক্তক্ষয় ও ধ্বংসের স্মৃতি এখনও অম্লান। নির্বাচনী রণে পরাজয় সম্পর্কে গভীর ভাবে উদ্বিগ্ন ঘিসিং গোর্খা কুলপতিত্ব অটুট রাখিতে মরিয়া হইয়া সেই তাণ্ডবের পুনরাবৃত্তির প্রাণপণ চেষ্টা করিতে পারেন, এই শঙ্কা তাঁহাদের শঙ্কিত করিতেছে। তাই সুখের চেয়ে স্বস্তি ভাল, গণতন্ত্রের চেয়ে শান্তি ভাল— এ ধরনের এক আপসের জন্য রাজ্য ও কেন্দ্র নিজেদের প্রস্তুত করিতেছে। ব্যক্তির অন্যায় জেদ মানিতে একটি আস্ত প্রজাতন্ত্র একপ্রকার বাধ্য হইতেছে। শান্তির স্বার্থে গণতন্ত্রের স্বার্থ বিসর্জন দিবার এই বাধ্যতার সুযোগ লইয়া ঘিসিং রাজ্য ও কেন্দ্রের ধৈর্য ও সংযমের পরীক্ষা লইতেছেন। তিনি ভুল করিতেছেন। কেননা সংযমের বাঁধও ভাঙিতে পারে এবং তখন ঘিসিং ও তাঁহার জি এন এল এফ ভাসিয়া যাইতে পারেন।

ANADABAZAR PATRIKA 19 FEB 2005

Poll stalemate continues

H.T. 5 18/2

SUNIL SAXENA/HT

GNLF president Subash Ghisingh greets Buddhadeb Bhattacharjee in New Delhi as home minister Shivraj Patil looks on.

HT Correspondents
New Delhi/Darjeeling, Feb 17

THE SECOND round of tripartite talks between the Centre, the state and the GNLF ended in a deadlock on Thursday, but with a promise of fresh talks to sort out the contentious issue of DGAHC elections.

While Subash Ghisingh insisted on more powers for the council before the elections, chief minister Buddhadeb Bhattacharjee asserted that the polls should be held as per schedule and that the issue of empowerment could be decided simultaneously.

"We are ready to discuss everything under the sun whether constitutional, legal, administrative or financial but the re-structuring of the council and the elections can be held simultaneously," Bhattacharjee said.

While Bhattacharjee met Sonia Gandhi earlier in the day to discuss the DGHC issue, Ghisingh said he had written to the Prime Minister that elections should not be held without granting more powers to the council.

"It is reprehensible that after 15 years of existence, constitutional recognition has not been accorded to the council despite the fact that the attention of the Centre and the Election Commission has been repeatedly drawn," Ghisingh said.

Maintaining that he wanted justice for the people of Darjeeling and areas around it, he said the "loopholes" in the Act must be removed.

Union home minister Shivraj Patil said the 75-minute meeting was cordial frank.

National security adviser M.K. Narayanan said that if the review of the Act, as demanded by Ghisingh, could not be undertaken before the March 26 deadline, the option of postponing the elections could be considered.

In Darjeeling, anticipations run high over the GNLF supremo's next move. "The decision to hold elections and not bow down to Ghisingh's pressure tactics is welcome... People are fed up with the whimsical Ghisingh," said Madan Tamang, chairman of People's Democratic Front (PDF).

Senior CPRM leader D.S. Bomzan said it was the responsibility of the state government to hold timely elections. "It is not necessary to consult Ghisingh."

Opp gears up for 'inevitable' elections

Amitava Banerjee
Darjeeling, February 17

THE PEOPLES' Democratic Front and the CPI(M) have begun their groundwork for the forthcoming DGHC elections, which they described as "inevitable".

"A cadre workshop on February 20 will coordinate workers of the PDF's three constituent parties — AIGL, CPRM and GNLF-C — and the CPI(M). The election machinery will also be chalked out," said PDF chairman Madan Tamang. At least 100 cadres from each of the four parties, selected from all 28 DGHC constituencies, will participate in the workshop.

Tamang said if Ghisingh failed to see reason and was adamant about not holding polls, "the law would take its own course and polls will be held". Ghisingh's demand of an "alternate council" and giving it a Constitutional guarantee was vague. "What he should have demanded was a regional autonomy — a 'state within a state' — in accordance with the private Bill moved in Parliament by CPI(M) MP Ananda Pathak, which had legislative powers and would have included the Dooars area," Tamang said.

If Ghisingh was sincere towards the Hills people, he should have mobilised parties and tried to seek the support of MPs so that the "state within a state" theory could be materialised, he said.

THE HIDUSTAN TIMES 18 FEB 2005

THE STATESMAN

18 FEB 2005

No headway in tripartite talks

Statesman News Service

NEW DELHI, Feb. 17. — Tripartite talks over holding of elections to the hill council and granting of more powers to it remained inconclusive today. The talks involve the Centre, West Bengal government and Darjeeling Gorkha Autonomous Hill Council.

Claiming that the 75-minute meeting was held in a "frank and cordial atmosphere," the Union home minister, Mr Shivraj Patil, told reporters here that West Bengal chief minister Mr Buddhadeb Bhattacharjee and DGAHC chief Mr Subhash Ghisingh need to meet again to sort out issues, where differences remain.

At a joint briefing after the meeting, while Mr Ghisingh insisted that more powers be granted to the council before holding of polls by 26 March, when its term expires, Mr Bhattacharjee asserted that the elections should be held as per schedule and that the issue of empowerment could be decided simultaneously.

"We are ready to discuss everything under the sun whether constitutional, legal, administrative or financial, but we want to hold the elections within the timeframe to uphold democracy and parliamentary process. Nobody should disrupt the process," Mr Bhattacharjee said.

Immediately thereafter, Mr Ghisingh, however, let his differences known, saying that election was only a "secondary issue" and what was more important was the council's empowerment. The DGAHC, which was in existence for the last 15 years, should be given greater autonomy and constitutional recognition on the lines of Bodoland Autonomous Council, he said. "Election was not the answer... Doing away the loopholes in the council is of utmost importance to ensure justice to the hill people," he said, forcing the chief minister to clarify that "elections and review are complementary and not contradictory."

The meeting was also attended by National Security Adviser Mr MK Narayanan, who later indicated that the Centre was for further empowerment of the council — either before or after the elections.

Mr Bhattacharjee called on Congress president Mrs Sonia Gandhi this morning, hours before the tripartite meeting. The nearly 15-minute meeting between Mrs Gandhi and Mr Bhattacharjee at the former's 10, Janpath residence was described as a "courtesy call", with Mr Bhattacharjee declining to disclose its details.

Mr Subash Ghisingh

It is, however, believed that Mr Bhattacharjee sought the UPA chairperson's intervention in reining in Mr Ghisingh. Mr Ghisingh's party is close to the Congress. In fact, it even helped the Congress to win the Darjeeling Lok Sabha seat last year.

ফের গোর্খাল্যান্ড চাইছেন ঘিসিং, বুদ্ধ ক্রুদ্ধ, ত্রিপাক্ষিক বৈঠক পণ্ড

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ১৭ ফেব্রুয়ারি: সুবাস ঘিসিঙের অনমনীয়তায় আবার ভেস্তে গেল দার্জিলিং পাহাড়ে ভোট নিয়ে ত্রিপাক্ষিক বৈঠক।

আজ নর্থ ব্লকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শিবরাজ পাটিল, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এম কে নারায়ণন ও মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের সামনেই দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের ভোট করা নিয়ে কেন্দ্র-রাজ্যের যৌথ দাবি খারিজ করে দিলেন ঘিসিং। তিনি স্পষ্টই জানিয়ে দিয়েছেন, ভোট নিয়ে কোনও রকম আলোচনায় যেতেই তিনি এখন রাজি নন। দার্জিলিঙের উন্নয়ন ও গোর্খা পার্বত্য পরিষদের সংস্কারের নামে ঘিসিং যা চাইছেন, তা কার্যত পৃথক গোর্খাল্যান্ডের দাবি। এমন কী শিলিগুড়ির কিছু এলাকাকেও তিনি এর অন্তর্ভুক্ত করতে চান।

ঘিসিঙের এই মনোভাবে পাটিল এবং বুদ্ধদেব রীতিমতো ক্ষুব্ধ। কিন্তু আজকের বৈঠকে দু'জনের সাঁড়াশি আক্রমণের মুখে ঘিসিং-ও বুঝিয়ে দিয়েছেন, পাহাড়ের ব্যাপারে তাঁর অবস্থান কতটা অনমনীয়।

বৈঠকের পরে দৃশ্যত ক্ষুব্ধ বুদ্ধদেব প্রথমে সাংবাদিকদের মুখোমুখিই হতে চাইছিলেন না। পরে তিনি বলেন, উন্নয়ন নিয়ে ঘিসিং যে প্রস্তাবগুলি দিয়েছেন তার সব ক'টি নিয়ে তিনি আলোচনায় রাজি। কিন্তু নির্ধারিত সময়ে ভোট করতে হবে। কোনও অজুহাতেই তা এড়িয়ে যাওয়া চলবে না। বুদ্ধদেব বলেন, "আমি এটাই বলব যে, ভোট এবং দাবি পর্যালোচনার মধ্যে বিরোধিতা নেই। দু'টি কাজ এক সঙ্গে চলতে পারে।"

আর ঘিসিং-ও পাল্টা জানিয়ে দিয়েছেন, ভোট নিয়ে কথা বলতে তিনি দিল্লি আসেননি। পাহাড়ের উন্নয়ন নিয়েই তিনি চিন্তিত। উন্নয়ন না-হলে ভোট নিয়ে কোনও কথাই হতে পারে না। তিনি বলেন, "আমরা পরিষদের বিষয়ে পর্যালোচনা করতেই এসেছি। বর্তমান ব্যবস্থায় অনেক ত্রুটি আছে। এই ব্যবস্থার পরিবর্তন দরকার।" ঘিসিঙের এই মনোভাবের ফলে দার্জিলিঙে ভোট করা নিয়ে জটিলতা আরও অনেক বাড়ল।

এ দিন সকালে ১০ জনপথে গিয়ে কংগ্রেসে সভানেত্রী সনিয়া গাঁধীর সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। কংগ্রেস কেন্দ্রে ক্ষমতায় আসার পরে সনিয়ার সঙ্গে বুদ্ধদেবের এটি তৃতীয় বৈঠক। ঘিসিংকে ভোটের ব্যাপারে রাজি করানোর জন্য সনিয়ার সাহায্য চেয়েছেন বুদ্ধদেব। ১৯৮৮ সালে রাজীব গাঁধী প্রধানমন্ত্রী থাকাকালীন কেন্দ্র ও রাজ্য হাতে হাত মিলিয়ে জঙ্গি ঘিসিংকে ঠান্ডা করেছিল। তখন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন বুটা সিংহ আর রাজ্যের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। সে দফার ত্রিপাক্ষিক চুক্তির ফলেই দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের জন্ম হয়েছিল। আজ আবার এত বছর পরে ঘিসিং অশান্ত হয়ে উঠতে চাইছেন। আর তাঁকে শান্ত করতে সনিয়ার দ্বারস্থ হয়েছেন বুদ্ধদেব।

ঘিসিং যে অশান্ত হয়ে উঠতে পারেন তার ইঙ্গিত বেশ কিছু দিন ধরেই মিলছিল। কেন্দ্র এবং রাজ্যেরও তার অজানা ছিল না। লালকৃষ্ণ আডবাণী স্বরাষ্ট্রমন্ত্রী থাকাকালীন কেন্দ্রীয় গোয়েন্দারা যে রিপোর্ট দিয়েছিলেন তাতে বলা হয়েছিল, ১) পাহাড়ে ঘিসিং দ্রুত জনপ্রিয়তা হারাচ্ছেন। সাধারণ মানুষের সঙ্গে ক্রমশই তাঁর দূরত্ব বাড়ছে। ২) এ ছাড়া, জিএনএলএফ-এ তাঁর বিরোধী গোষ্ঠী ধীরে ধীরে শক্তিশালী হচ্ছে। ফলে দলের উপরে নিয়ন্ত্রণ হারাচ্ছেন ঘিসিং। এই অবস্থা সামাল দিতে তিনি ফের বিদ্রোহী হয়ে উঠতে পারেন বলে গোয়েন্দা রিপোর্টে আভাস দেওয়া হয়েছিল।

সম্প্রতি বিজ্ঞান ভবনে বিভিন্ন রাজ্যের পুলিশ প্রধান ও মুখ্যসচিবদের যে সম্মেলন হয় তাতেও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের পেশ করা রিপোর্টে বলা হয়েছিল, ঘিসিং ফের বিদ্রোহী চেহারা নিতে পারেন। একই ধরনের রিপোর্ট দিয়েছিল রাজ্য পুলিশের গোয়েন্দারাও। ঘিসিংয়ের সমর্থনে দার্জিলিং থেকে নির্বাচিত কংগ্রেস সাংসদ দাওয়া নরবুলাও সম্প্রতি সংসদে পৃথক গোর্খাল্যান্ডের দাবিতে সরব হয়েছেন। সুতরাং কেন্দ্র ও রাজ্যের কাছে ঘিসিঙের আজকের অবস্থান খুব একটা অপ্রত্যাশিত ছিল না।

এই পরিস্থিতিতে নিজেদের অবস্থানও কড়া করে বুদ্ধদেব জানিয়েছেন, ঘিসিঙের দাবি মেনে আর্থিক প্যাকেজ নিয়ে আলোচনায় রাজ্য তৈরি। কেন্দ্র এবং যোজনা পর্ষদ থেকে সরাসরি টাকা পাওয়ার দাবি ঘিসিং তুলেছেন। সেই সব দাবি নিয়ে কথা হতে পারে। কিন্তু আগে ভোটের দাবি মানতে হবে, তার পরে অন্য আলোচনা।

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এম কে নারায়ণন অবশ্য বলেছেন, "নির্ধারিত দিনের আগে যদি সমস্যা মিটে যায়, তবে ভোট হবে। না হলে দুই পক্ষ বসে ঠিক করবে কী হবে।...তবে ভোটের দিন পিছিয়ে গেলে কোনও সাংবিধানিক জটিলতা তৈরি হবে না।"

ANADABAZAR PATRIKA 18 FEB 2005

THE TELEGRAPH 17 FEB 2005

Sabres rattle over Gorkhaland

